ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 27 May, 2023 ■ আগরতলা ২৭ মে, ২০২৩ ইং ■ ১২ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

রাজ্যপালের সাক্ষাৎ না পেয়ে প্রদ্যোতের নেতৃত্বে রাজভবনের বাইরে ধর্না মথার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। ত্রিপুরার রাজ্যপাল সত্যদেও নারায়ণ আর্য অসুস্থ। তাই, ত্রিপুরা জনজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের তিপরা মথার সদস্যদের রাজ্যপালের সাক্ষাত মিলেনি। প্রতিবাদে রাজভবনের বাইরে প্রদ্যুতের নেতৃত্বে ধর্ণায় বসলেন তিপরা মথার নির্বাচিত সদস্যরা।

ত্রিপুরায় জনজাতি অংশের মানুষের ভাবাবেগ নিয়ে রাজ্য সরকার ছিনিমিনি খেলছে। তিপরা মথার সুপ্রিমো তথা ত্রিপুরা জনজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের (টিটিএএডিসি) নির্বাচিত সদস্য প্রদ্যুৎ কিশোর দেববর্মণ এমনই অভিযোগ তুলেছেন।তিনি এদিন হতাশা প্রকাশ করে বলেন, টিটিএএডিসি-র অনুমোদিত বেশ কয়েকটি বিল আইনে পরিণত হওয়ার জন্য রাজ্যপালের কাছ থেকে প্রয়োজনীয় সম্মতি পায়নি। তিনি এই দীর্ঘ বিলম্বকে একটি বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি বলে সুর চড়িয়েছেন।

শুক্রবার রাজভবনের বাইরে ধর্নায় বসেন প্রদ্যোত কিশোর দেববর্মার নেতৃত্বে তিপ্রা মথা। ছবি নিজস্ব।

তাঁর দাবি, টিটিএএডিসি এলাকায় বসবাসকারী মানুষ অসংখ্য চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন। কিছু এলাকা তীব্র জলের অভাবে মধ্যে ভুগছে। স্বাস্থ্য পরিষেবা এবং শিক্ষার মতো মৌলিক প্রয়োজনীয়তাগুলিও অনিশ্চিত অবস্থায় রয়েছে। শিক্ষিত যুবকরা অক্লান্তভাবে কর্মসংস্থানের সুযোগ সন্ধান করছেন। এই সব গুরুত্বপূর্ণ দাবি রাজ্যপালের কাছে পেশ করার জন্য তাঁর সাথে সাক্ষাতের আমাদের চেষ্টা ব্যর্থ হয়েছে, আক্ষেপ করে বলেন তিনি।

প্রসঙ্গত, টিটিএএডিসি-এর নির্বাচিত সদস্যদের সমন্বয়ে একটি প্রতিনিধি দল জনজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের উন্নয়নে বাধা হয়ে দাঁড়ানো সমস্যাগুলির রূপরেখা ☞ ৬ এর পাতায় দেখুন

শান্তিরবাজারে ঋণের দায়ে এক ব্যাক্তির আত্মহত্যা

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২৬ মে।। স্থানীয় ব্যাক্তির কাছে বকুনি খেয়ে ঋণের দায়ে আত্মহত্যার পথ বেছে নিলো এক ব্যক্তি। ঘটনার বিবরনে জানা যায় শুক্রবার শান্তির বাজার থানার নিকট শান্তির বাজার জেলাহাসপাতালের চিকিৎসক কৌশিক মজুমদার খবর দেন বীরচন্দ্র এলকা থেকে এক ব্যক্তির মৃতদেহ নিয়ে আসা হয়েছে।

জানা যায় বিষ পানে ঐ ব্যক্তির মৃত্যু হয়েছে। এই মৃত্যু নিয়ে পরিবারের লোকজনের কাছ থেকে জানা যায় মৃত ব্যক্তি সুব্রত দে (৪৫) এলাকার বাসিন্দা সুধীর বর্মনের নিকট উনার রাবার বাগান ২ লক্ষ ৩০ হাজার টাকার বিনিময়ে বন্ধক দেন। পর্তীসময় সুধীর বর্মন সুব্রত দের নিকট টাকা চাওয়াতে সুব্রত দে টাকা ফিরিয়ে না দেওয়াতে লোকজনের সামনে গালি গালাজ করে ☞ ৬ এর পাতায় দেখুন

রাজ্যের ১১টি পুলিশ আউট পোস্ট থানায় রূপান্তরিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। রাজ্যের ১১টি পুলিশ আউট পোস্টকে পুলিশ স্টেশনে রূপান্তরিত করা হয়েছে। এই ১১টি পুলিশ স্টেশন হলো বাগমা, চেলাগাং, মনপাথর, বাইজলবাড়ি, তৈবান্দাল, খয়েরপুর, বাগবাসা, চম্পকনগর, কলেজটিলা, জিবি এবং রামনগর। ত্রিপুরা সরকারের স্বরাষ্ট্র দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে এই ১১টি পুলিশ আউট পোস্ট এখন থেকে পুলিশ স্টেশন হিসেবে কাজ করবে।

স্বরাষ্ট্র দপ্তর থেকে জানানো হয়েছে বাগমা পুলিশ স্টেশনের অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো বাগমা পার্ট, খুপিলং পার্ট, রাধাকিশোরপুর আরএফ পার্ট, কড়ইয়ামুড়া, বারোভাইয়া, বাগবাসা এবং তেপানিয়া পার্ট। বাগমা পুলিশ স্টেশনের সীমানা হলো উত্তর দিকে বিশ্রামগঞ্জ থানার অন্তর্গত পাথালিঘাট, দক্ষিণ দিকে কাকড়াবন থানার অন্তর্গত কাকড়াবন, পূর্বদিকে কিল্লা থানার অন্তর্গত খুপিলং এবং পশ্চিমদিকে মেলাঘর অন্তর্গত বাগবাসা। চেলাগাং পুলিশ স্টেশনের অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো দক্ষিণ চেলাগাং, লাউগাঙ, উত্তর চেলাগাং, উত্তর একছড়ি ও কুরমাছেওয়া। এই থানার সীমানা হলো উত্তর দিকে বীরগ' থানা, দক্ষিণ দিকে শান্তিরবাজার এবং করবুক থানা, পূর্বদিকে নতুন বাজার থানা ও পশ্চিম দিকে বীরগ' থানা। মনপাথর থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো বীরচন্দ্রমনু, দক্ষিণ তাকমা, উত্তর তাকমা, পূর্ব পতিছড়ি, পূর্ব মনু, পশ্চিম পতিছড়ি, পশ্চিম মনু ও রাজাপুর। এই থানার সীমানা হলো উত্তরদিকে আরকে পুর থানা, দক্ষিণ দিকে বিলোনীয়া / শান্তিরবাজার থানা, পূর্বদিকে কাকড়াবান / বিলোনীয়া থানা, পশ্চিমদিকে শান্তিরবাজার / আরকে পুর থানা।

বাইজলবাড়ি থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো বাইজলবাড়ি, ছনখলা, শরৎ চৌধুরী পাড়া, দক্ষিণ পদ্মবিল ও লংকাপুড়া। এই থানার সীমানা হলো উত্তর দিকে রতনপুর জিএস, দক্ষিণ দিকে আমপুরা, পূর্বদিকে ধলাবিল ও পশ্চিম দিকে সিধাইথানার অন্তর্গত কুরুইফাঙ। তৈবান্দাল থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো চান্দল, উত্তর তৈবান্দাল ও দক্ষিণ তৈবান্দাল। এই থানার সীমানা হলো উত্তর দিকে মেলাঘর থানা, দক্ষিণ দিকে কাকড়াবন আউট পোস্ট / যাত্রাপুর থানা, পূর্বদিকে মেলাঘর থানা ও পশ্চিম দিকে সোনামুড়া থানা। খয়েরপুর ☞ ৬ এর পাতায় দেখুন

রাজনীতিকে পেশা নয়, নেশা হিসেবে গ্রহণ করতে হবে ঃ মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। রাজনীতিকে পেশা নয়, নেশা হিসেবে গ্রহন করতে হবে।কারণ নেশার সাথে হৃদয় এবং মস্তিষ্কের সংমিশ্রণ ঘটে। এই সংমিশ্রণের ফলে যে কোনো রাজনৈতিক দল সামনের দিকে এগিয়ে যাবে। আজ ৮ বড়দোয়ালী মন্ডলের কার্যকারিণী বৈঠকে এমটাই পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা।

এদিন তিনি বলেন, এবারের কার্যকারিণী বৈঠকের বিশেষ তাৎপর্য রয়েছে। আগামী ৩০ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৯ বছর কার্যকাল সম্পন্ন হবে। এই লক্ষ্যে আগামী একমাস ব্যাপী কর্মসূচি হাতে নিয়েছে বিজেপি সরকার।

তাঁর দাবি, প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এই ৯ বছরে তিনি সাধারণ মানুষের জন্য যে সমস্ত কাজ করেছেন তার তথ্য রাজ্যের ঘরে ঘরে তুলে ধরবেন বিজেপির কার্যকর্তারা। তাতে সাধারণ মানুষের সমর্থন আদায় করা যাবে।

এদিন তিনি বলেন, ত্রয়োদশ বিধানসভা নির্বাচনে নরেন্দ্র মোদী ত্রিপুরায় বিজেপিকে পুনরায় প্রতিষ্ঠিত করতে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তাই ত্রিপুরার দুটি লোকসভা আসনে জয় লাভ করে নরেন্দ্র মোদীকে উপহার দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব।

স্ত্রী, শাশুড়ি ও শ্বশুরকে কুপিয়ে ঘায়েল করল জামাতা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। লংতরাইভ্যালীর লালছড়া গ্রামে দীনমোহন কারবারী পাড়ায় স্ত্রীর হাত কুপিয়ে দেহ থেকে আলাদা করে দিল মদ্যপ স্বামী, শ্বশুর শাশুড়িও গুরুতর। রোমহর্ষক এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চলের সৃষ্টি হয়েছে। মাজিক অবক্ষয় চরম পর্যায়ে এসে দাঁড়িয়েছে। ধলাই জেলার লংতরাইভ্যালী মহকুমার ছৈলেংটার দীনমোহন কারবারী পাড়ায় বৃহস্পতিবার রাতে মদ্যপ স্বামীর হাতে আক্রান্ত হয়েছেন স্ত্রী, শশুর এবং শাশুড়ি।

আকণ্ঠ মদ্যপান করে বাড়িতে এসে সমর সেন চাকমা নামে এক ব্যক্তি তার স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে একটি হাত দেহ থেকে সম্পূর্ণ আলাদা করে দিয়েছে। চিৎকার শুনে শশুর শাশুড়ি এগিয়ে এলে পাষণ্ড জমাতা শশুর শাশুড়িকেও দাঁড়ালো অস্ত্র দিয়ে পরপর আঘাত করতে থাকে। তাতে শ্বশুর-শাশুড়িও গুরুতর অভাবে ভাবে আহত হন। ঘটনা বৃহস্পতিবার রাত সোয়া নয়টা নাগাদ। ঘটনার পর চিৎকার চেঁচামেচিতে পার্শবর্তী এলাকার লোকজনরা ছুটে আসেন।

খবর দেওয়া হয় ছৈলেংটা থানার পুলিশকে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলের ছুটে এসে তিনজনকেই উদ্ধার করে অ্যাম্বুলেন্সে করে প্রথমে স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসার পর তাদেরকে কুলাই জেলা হাসপাতালে স্থানান্তর করেন। আহতরা হল গৃহবধূ মায়া রানী চাকমা ☞ ৬ এর পাতায় দেখুন

নিজের সন্তানকে কুড়িয়ে পাওয়া বলে দাবি মায়ের

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৬ মে।। একদিকে লোক লজ্জার ভয় অন্যদিকে সংসারের অভাব অনটনের টানাপোড়েনের যাতাকলে পড়ে সদ্যোজাত পঞ্চম শিশু কন্যাকে কুড়িয়ে পেয়েছে বলে নিজের কোলে আশ্রয় দিতে অস্বীকার করে জন্মদাত্রী মা। খবর পেয়ে শিশুটিকে শিশু হোমে পাঠিয়ে দেয় দক্ষিণ জেলা শিশু কল্যান কমিটি। পরবর্তী সময় মেয়ের জন্য মায়ের মন কেঁদে উঠলে শিশু কল্যাণ সমিতিতে জানায় ওটা তাদেরই মেয়ে।

তারা পুনরায় ফিরে পেতে চায় নিজের মেয়েকে। শিশু কল্যাণ সমিতি বিভিন্ন তদন্তের পর আইনী প্রক্রিয়ার মাধ্যমে কন্যা সন্তানটিকে হোম থেকে নিয়ে এসে আজ দুপুরে জন্মদাত্রী মায়ের কোলে তুলে দিল শিশু কন্যা দেবাংশিকে। এই দেবাংশি নামটাও শিশু কল্যাণ কমিটির দেওয়া। নিজের মেয়ে দেবাংশিকে পেয়ে খুশি জন্মদাত্রি মা ☞ ৬ এর পাতায় দেখুন

জিবি হাসপাতালে গৃহবধূর মৃত্যুতে চিকিৎসায় গাফিলতির অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। জি বি হাসপাতালে চিকিৎসায় গাফিলতির কারণে এক গৃহবধূ মৃত্যু হয়েছে, এমনই অভিযোগ তুলে মৃতার পরিবারের সদস্যরা হৈচৈ করেছেন। তাঁদের দাবি, সময় মতো ডায়ালাইসিস না দেওয়ায় মৃত্যু হয়েছে ওই গৃহবধূর। পরিবারের পক্ষ থেকে রক্তের ব্যবস্থা সত্বেও রোগীকে রক্ত দেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন তিনি। ওই ঘটনায় কিছুক্ষনের জন্য হাসপাতাল চত্বরে চরম উত্তেজনা ছড়িয়েছিল।

মৃতার স্বামী জানিয়েছেন, তেলিয়ামুড়ার বাসিন্দা ঝর্না ঘোষ দেব কিডনির সমস্যায় ভুগছিলেন। উন্নত চিকিৎসার জন্য তাঁকে ২১ মে জিবি হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। তাঁর স্ত্রীর রক্তের খুব প্রয়োজন ছিল। বহু কষ্টে গতকাল এক বোতল রক্তের ব্যবস্থা করেন পরিবারের সদস্যরা। কিন্তু হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক সেই রক্ত গৃহবধূকে দেয়নি বলে অভিযোগ।

তাঁদের আরও অভিযোগ, দুই দিন আগে তার স্ত্রীকে ডায়ালাইসিস করার কথা ছিল। কিন্তু কর্তব্যরত চিকিৎসকরা ডায়ালাইসিসের ব্যবস্থা করেননি। ফলে শুক্রবার সকালে গুরুতর অসুস্থ হয়ে পড়েছিলেন ঝর্না দেব। তাঁর পরিবারের সদস্যরা নার্স এবং চিকিৎসসকদের কাছে চিকিৎসার জন্য কাতর আবেদন জানানো সত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এভাবে বিনা চিকিৎসায় ওই গৃহবধূ মৃত্যু কোলে ঢলে পড়েছেন। ওই ঘটনাকে ঘিরে কিছুক্ষনের জন্য হাসপাতাল চত্বরে উত্তেজনা সৃষ্টি হয়েছিল।

রাজ্যে করোনা রোগীর সুস্থের হার বাড়ল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। রাজ্যে করোনা আক্রান্ত রোগীর সুস্থ হওয়ার হার ৯৯.০৩ শতাংশ। অন্যদিকে আক্রান্তের হার ৪.০৩ শতাংশ। গত চব্বিশ ঘন্টার হিসাব প্রকাশ্যে এনে স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে যে মিডিয়া বুলেটিন জারি করা হয়েছে তাতে এই তথ্যই মিলেছে।

মিডিয়া বুলেটিন মোতাবেক গত চব্বিশ ঘন্টায় নতুন করে করোনা আক্রান্ত হয়েছেন দুইজন। একজন পশ্চিম জেলায় এবং অন্যজন উত্তর জেলায়। চব্বিশ ঘন্টায় ☞ ৬ এর পাতায় দেখুন

রাজ্যজুড়ে পালিত নজরুল জয়ন্তী

নজরুল জয়ন্তী উপলক্ষে কবি নজরুলের মর্মর মূর্তিতে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী প্রফেসার (ডাঃ) মানিক সাহা।

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম বিংশ শতাব্দির অন্যতম শ্রেষ্ঠ বাঙ্গালি। এপার ওপার বাংলার সাহিত্য জগতের এক অন্যন্য নক্ষত্র তিনি। তাঁর সাহিত্যে রয়েছে আলাদা রকমের অনুভব। আজ ১২৪তম নজরুল জন্মজয়ন্তী উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে নজরুল কলাক্ষেত্রে আয়োজিত প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ কলাক্ষেত্রের প্রাঙ্গণে বিদ্রোহী কবির মর্মর মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা ্পন করেন।

আলোচনায় মুখ্যমন্ত্রী আরও বলেন, কাজী নজরুল ইসলাম ছিলেন একাধারে কবি, গায়ক, দার্শনিক, দেশপ্রেমী। তাঁর লেখায় জাতি, ধর্ম, বর্ণের উর্ধে উঠে রয়েছে মানবতার জয়গান। ☞ ৬ এর পাতায় দেখুন

বাইক ও অটো সংর্ঘষে গুরুতর আহত ৪ জন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। বেপরোয়াভাবে বাইক চালাতে গিয়ে অটো গাড়িকে সজোরে ধাক্কা দেয়। তাতে গুরুতর আহত হয়েছেন চারজন ব্যক্তি।যুবরাজনগর এলাকার পেট্রোল পাম্প এলাকার স্থানীয় মানুষ আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন।

জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, শুক্রবার দুপুরে টিআর০৫২৮৬৪ নম্বরের একটি অটো পানিসাগরের রামনগর থেকে ধর্মনগরের দিকে যাচ্ছিল। অটোটি যুবরাজনগর এলাকার পেট্রোল পাম্পে প্রবেশ করার সময় পেছন থেকে প্রচন্ড গতিতে আসা একটি বাইক সজোরে ধাক্কা মারে। এতেই সঙ্গে সঙ্গে অটোটি উলটে গিয়েছে। তাতে বাইক চালক সহ একজন আরোহী বহুদূরে ছিটকে পড়েন। সাথে অটোতে থাকা একজন বৃদ্ধা এবং নাবালক গুরুতর আহত ☞ ৬ এর পাতায় দেখুন

ফলাফল প্রকাশ ও নিয়োগের দাবিতে বিক্ষোভ এসটিজিটি চাকরি প্রত্যাশীদের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। অতিসত্বর ফলাফল প্রকাশ এবং একত্রে নিয়োগের দাবিতে ফের মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হলেন এস টি জি টি চাকুরী প্রত্যাশীরা। কিন্তু তাঁরা মুখ্যমন্ত্রীর সাথে দেখা করতে না পেরে রাজধানী উজ্জয়ন্ত প্রাসাদের সামনে বিক্ষোভ দেখিয়েছেন। ফলাফল প্রকাশ এবং নিয়োগ সংক্রান্ত বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য মুখ্যমন্ত্রীর নিকট আবেদন জানিয়েছেন পরীক্ষার্থীরা।

তাঁদের অভিযোগ, ৯ মাস আগে এসটিজিটি পরীক্ষায় হয়েছিল। কিন্তু এখনো পর্যন্ত ফলাফল প্রকাশ এবং নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করছে না টিআরবিটি। এ বিষয়ে দীর্ঘ কয়েক মাস যাবৎ মুখ্যমন্ত্রী থেকে শুরু করে অন্যান্য মন্ত্রীদের দরজায় কড়া নাড়লেও তাঁদের দাবি পূরনে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। তাই তাঁরা বাধ্য হয়ে শুক্রবার সকালে অতিসত্বর ফল প্রকাশ এবং একত্রে নিয়োগের দাবিতে ফের মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হয়েছেন। কিন্তু মুখ্যমন্ত্রীর সাথে দেখা করতে না পেরে তাঁরা রাজধানীর উজ্জয়ন্ত প্রাসাদের সামনে বিক্ষোভ দেখিয়েছেন।

তাঁদের আরও অভিযোগ, শূন্য পদ থাকা সত্ত্বেও ২০২২ সালে এসটিজিটি পরীক্ষাথীদের একত্রে নিয়োগ করা হচ্ছে না। রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতা দেখা দিয়েছে। তাই তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান, ফলাফল প্রকাশ এবং নিয়োগ সংক্রান্ত বিষয়টি গুরুত্ব সহকারে দেখুন।

অবসরের বয়স ৬৫ বছর করা হয়নি

সমাজকল্যাণ দপ্তরে ডেপুটেশন অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের মধ্যে যাদের বয়স ৬০ বছর অতিক্রান্ত হয়েছে তাদেরকে আগামী ৩০মের পর থেকে কাজ করতে দেওয়া হবে না বলে সরকারি যে সার্কুলার জারি করা হয়েছে তার পরিপ্রেক্ষিতে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা সমাজ কল্যাণ দপ্তরের কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছেন। আগামী ৩০ মেয়ের পর থেকে ৬০ বছরের বেশি বয়সী অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা আর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কাজ করতে পারবেন না।

এব্যাপারে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর থেকে সংশ্লিষ্ট সকলের কাছে লিখিতভাবে নোটিশ পাঠানো হয়েছে। এ ধরনের নোটিশ পাওয়ার পর ৬০ বছর উর্ধ অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের মধ্যে এক অনিশ্চয়তা দেখা দিয়েছে। কেননা তারা ৬৫ বছর বয়স পর্যন্ত কাজ করতে পারবেন বলে আশাবাদী ছিলেন। আচমকা ৬০ বছর বয়স পর্যন্ত কাজ করার যে সার্কুলার জারি করা হয়েছে তাতে তাদের মাথায় বাজ পড়ার উপক্রম।

উদ্ভূত পরিস্থিতিতে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা শুক্রবার সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তার কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করে তাদেরকে সাবস্টিটিউট স্টাফ হিসেবে ৬৫ বছর বয়স পর্যন্ত কাজ করার সুযোগ দেওয়ার অনুরোধ জানিয়েছেন। ডেপুটেশন প্রদান শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের নেত্রীরা জানান অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের মধ্যে অনেকেই রয়েছেন যাদের বিয়ে হয়নি আবার কারোর স্বামী সন্তান নেই।

তারা ৬৫ বছর বয়স পর্যন্ত কাজ করতে পারবেন আশা করেই কাজ চালিয়ে যাচ্ছিলেন। তাদের বেঁচে থাকার একমাত্র সম্বল এই কাজ। হঠাৎ করে সরকারের তরফ থেকে যে সার্কুলার জারি করা হয়েছে তাতে তারা অসহায় হয়ে পড়েছে।

বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য তারা দাবি জানিয়েছেন। পাশাপাশি অঙ্গনওয়াড়ি কর্মীদের অবসরকালীন ভাতা এবং গ্র্যাচুয়েটি প্রদানের জন্য তারা দাবি জানিয়েছেন।

দুর্গাচৌমুহনী বাজারে খাদ্য দপ্তরের অভিযান মেয়াদোত্তীর্ণ সামগ্রী উদ্ধারে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। রাজধানী আগরতলা শহরের দূর্গা চৌমুহনী বাজারে সদর মহকুমা প্রশাসন এবং খাদ্য দপ্তরের যৌথ-প্রশাসনিক দল শুক্রবার অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ মেয়াদ উত্তীর্ণ সামগ্রী বাজেয়াপ্ত করেছেন। রাজ্যের বাজার গুলিতে পাইকারি মূল্য ও খুচরো মূল্যের মধ্যে সামঞ্জস্য বজায় রাখার লক্ষ্যে প্রশাসনের উদ্যোগে বিভিন্ন দোকানপাটে তল্লাশি অভিযান অব্যাহত রয়েছে।

শুক্রবার রাজধানীর দুর্গাচমোহনী বাজারে অভিযান চালান সদর মহকুমা প্রশাসন ও খাদ্য দপ্তরের কর্মকর্তারা। অধীন অভিযান চলাকালে বিভিন্ন দোকানপাটে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম খতিয়ে দেখেন প্রশাসনের কর্মকর্তারা। এছাড়া

বিভিন্ন দোকানে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রির মতমজুতও পেয়েছেন তারা। বেশ কিছু পরিমাণ মেয়াদ উত্তীর্ণ সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যবসায়ীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে প্রশাসনের কর্মকর্তারা জানিয়েছেন।

আগরতলা শহরসহ রাজ্যের সর্বত্রই দোকানপাটে মহকুমা প্রশাসন এবং খাদ্য দপ্তরের উদ্যোগে এ ধরনের অভিযান অব্যাহত রয়েছে। উল্লেখ্য রাজ্যের খাদ্যমন্ত্রী জিনিসপত্রের মূল্য নিয়ন্ত্রণে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২২৩ ▫ ২৭ মে ২০২৩ ইং ▫ ১২ জৈষ্ঠ ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

উষ্ণায়নের কবলে গোটা বিশ্ব

পানীয় জল মানব জীবনে অপরিহার্য। জল ছাড়া জীবজগতের অস্তিত্ব কল্পনা করা যায় না। জল মানেই পানীয় বলা যায় না। পরিশ্রুত জলই একমাত্র পান করিবার উপযোগী। কিন্তু ক্রমাগত পরিবেশ দূষণ ও উষ্ণায়নের কবলে পরিয়া পানীয় জল নিয়া সংকটের মুখোমুখি হওয়ার সম্ভাবনা দেখা দিয়াছে। এই সংকট দূর করিবার জন্য যেসব পদক্ষেপ গ্রহণ করার কথা সেইসব পদক্ষেপ কিন্তু গৃহীত হইতেছে না। জনসচেতনতাই একমাত্র সংকট মোকাবেলার উপায়। আগামী কয়েক দশকের মধ্যেই সারা দেশে পানীয় জলের সংকট দেখা দেওয়ার যথেষ্ট আশঙ্কা রহিয়াছে। বিভিন্ন রিপোর্টেও তাহার প্রমান মিলেতেছে। পানীয় জলের সংকট মোকাবিলায় আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ না করিলে ভবিষ্যৎ প্রজন্ম বড় ধরনের সংকটের সম্মুখীন হইবে। বিশেষ করিয়া পানীয় জলের অপব্যয় বন্ধ করিবার জন্য জনসচেতনতা বাড়াইতে হইবে। সরকার উদ্যোগই এর জন্য যথেষ্ট নয়। জনগণকে এই বিষয়ে যথেষ্ট সচেতন হইতে হইবে। অন্যতায় নিজেদের পাপের বোঝা ভবিষ্যৎ প্রজন্মকে বহন করিতে হইবে। এক ফেঁটা জলের জন্য হাহাকার করিতে হইবে। আগামী কয়েক বছরের মধ্যে ভারতেই সবচেয়ে বেশি জলসংকট দেখা দিবে, এমনটাই আশঙ্কা করিল রাষ্ট্রসংঘ। একটি আন্তর্জাতিক রিপোর্টে দাবি করা হইয়াছে, বিশ্বের প্রায় ২০০ কোটি মানুষ এখনই বিশুদ্ধ পানীয় জল পান না। আগামী কয়েক বছরের মধ্যে এই সংখ্যাটা লাগাইয়া বাড়িবে বলিয়াই আশঙ্কা রাষ্ট্রসংঘের। তাহাদের পেশ করা রিপোর্টে দাবি করা হইয়াছে, ২০৫০ সালের মধ্যে ভারতেই সবচেয়ে বেশি পানীয় জলের অভাব দেখা যাইবে। তাহার কারণ, বিশুদ্ধ জলের ব্যাপক অপচয় ঘটে এইদেশে।

ঠিক কী পরিসংখ্যান উঠিয়া আসিয়াছে রাষ্ট্রসংঘের রিপোর্টে? সেখানে বলা হইয়াছে, এশিয়ার ৮০ শতাংশ মানুষই বিশুদ্ধ জলের সমস্যায় পড়েন। মূলত চিন, পাকিস্তান ও ভারতেই পানীয় জলের অভাব দেখা যায়। সেই কারণেই ধীরে ধীরে পানীয় জলের ভাণ্ডার শেষ হইয়া যাইবে। ২০৫০ সালের মধ্যেই পানীয় জল নিয়া বিশ্বের সবচেয়ে সমস্যাগ্রস্ত দেশ হইবে ভারত।

কেন এমন সমস্যা দেখা দিবে ভারতে? রাষ্ট্রসংঘের রিপোর্টে দাবি, "প্রয়োজনের তুলনায় অনেক বেশি জলের ব্যবহার হয় ভারত-সহ এশিয়ার একাধিক দেশগুলিতে। ব্যবহারের পাশাপাশি প্রচুর পরিমাণে জলের অপচয়ও ঘটে। এছাড়াও দূষণ, গ্লোবাল ওয়ার্মিংয়ের মতো একাধিক কারণে জলের ভাণ্ডার দ্রুত শেষ হইয়া যাইতেছে।"জলের সমস্যার ব্যাপক প্রভাব পড়িবে আন্তর্জাতিক কূটনীতিতেও। সেচ ও বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে নেপালের সঙ্গে ভারতের চুক্তি হইয়াছে। কিন্তু আগামী দিনে সীমান্ত সংলগ্ন নদীর জল ব্যবহার ঘিরিয়া নানা দেশের দ্বিপাক্ষিক সম্পর্কে টানাপোড়েন দেখা দিতে পারে বলিয়াও আশঙ্কা প্রকাশ করা হইয়াছে।

ঝড়বৃষ্টিতে বিপর্যস্ত রাজস্থান, টঙ্ক জেলায় ১২ জনের মৃত্যু

জয়পুর, ২৬ মে (হি.স.) : বৃহস্পতিবার গভীর রাতে, বজ্রঝড়ের সাথে ভারী বর্ষণে বিপর্যস্ত রাজস্থান। রাজধানী জয়পুর ও আশপাশের জেলাগুলোতে ঘণ্টায় ৯৬ কিলোমিটার বেগে প্রবল বাতাস বইছে। ঝোড়ো হাওয়ার কারণে অনেক এলাকায় বৈদ্যুতিক খুঁটি ভেঙে পড়া এবং গাছ উপড়ে পড়ায় অনেক এলাকা অন্ধকারে নিমজ্জিত হয়েছে। ঝড় বৃষ্টিতে টঙ্ক জেলায় ১২ জনের মৃত্যু হয়েছে।

পুলিশের মতে, টঙ্ক শহরে দাদু, নাতি এবং নাতনি সহ তিনজন এবং জেলার নিওয়াইতে দুই সন্তান সহ তিনজন মারা গেছেন। এ ছাড়া দেওলির টোকরাবাস ও আওয়ানে একজন করে, মালপুরায় দুইজন এবং টোডারাইসিং ও উনিয়ারায় একজন করে মারা গেছেন।

জেলাশাসক চিন্ময়ী গোপাল জানান, রাত থেকেই প্রশাসন তৎপর। আমাদের মহকুমা আধিকারিক এবং তহসিলদাররা রাতেই ক্ষতিগ্রস্ত এলাকায় গিয়েছিলেন। তিনি বলেন, এ পর্যন্ত ১২ জনের মৃত্যুর তথ্য আমাদের কাছে এসেছে। আহতও হয়েছেন কয়েকজন। হাসপাতালে গিয়ে আহতদের খোঁজ খবর নিলাম। আমরা যারা আহত হয়েছেন, যাদের বাড়িঘর ভেঙে পড়েছে তাদের সঙ্গে কথা বলেছি। কর্মীরা সমীক্ষা চালাচ্ছেন, নিয়ম অনুযায়ী ক্ষতিগ্রস্তদের সহায়তা দেওয়া হবে। বিদ্যুৎ, জল ও মোবাইল নেটওয়ার্ক সংক্রান্ত সমস্যাও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে সমাধান করা হচ্ছে।

জেলাজুড়ে গাছপালা, টিনের চালা, বৈদ্যুতিক খুঁটি উপড়ে পড়ার পর বিদ্যুৎ বিভ্রাটের কারণে সমস্যা বেড়েছে। গত ১৫ ঘণ্টা ধরে গ্রামীণ এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। নেট সংযোগের পাশাপাশি মোবাইল নেটওয়ার্কও অনেক জায়গায় বিঘ্নিত হয়। শতাধিক পাখি ও দুই ডজনের বেশি গবাদি পশু মারা যাওয়ার তথ্যও রয়েছে।

আবহাওয়া দফতরের মতে, শুক্রবারও রাজ্যের উত্তরাঞ্চলে, গঙ্গানগর, হনুমানগড়, বিকানের, চুরু, ঝুনঝুনু, সিকর, আলওয়ার, নাগৌর, জয়পুর, দৌসা, ভরতপুর, ধৌলপুর এবং করাউলি জেলাগুলিতে বিকেলে বজ্রপাতের সঙ্গে বজ্রপাত হয়েছে। শিলাবৃষ্টির প্রবল সম্ভাবনা রয়েছে। বিকানের, জয়পুর, ভরতপুর, আজমির, কোটা বিভাগের জেলাগুলিতে আজও বজ্রপাত ও বৃষ্টি অব্যাহত থাকতে পারে।

গঙ্গোত্রী হাইওয়েতে গাড়ি দুর্ঘটনায় চারজন আহত

উত্তরকাশী, ২৬ মে (হি. স.) : গঙ্গোত্রী হাইওয়ের সুঙ্গারের কাছে একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে ১০০মিটার খাদে পড়ে বিধ্বস্ত হয়। গাড়িটিতে চারজন যাত্রী ছিলেন, তারা সামান্য আহত হয়েছেন। দুর্ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার গভীর রাতে।

ঘটনার খবর পেয়ে এসডিআরএফ দল ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে ভাটওয়াড়ি কমিউনিটি হেলথ সেন্টারে নিয়ে আসে। এই ঘটনায় আহতরা হলেন চালক কুন্দন সিং, নরেন্দ্র সিং, ধীরাজ মহেশ্বরী, সুরেশ মহেশ্বরী।

মোদী সরকার মূল্যস্ফীতি ও বেকারত্ব ঠেকাতে ব্যর্থ হয়েছে: রাহুল গান্ধী

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.) : মোদী সরকার মূল্যস্ফীতি, বেকারত্ব বন্ধ করতে ব্যর্থ হয়েছে বলে অভিযোগ করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। শুক্রবার রাহুল টুইটে লিখেছেন, বিজেপি সরকার গত ৯ বছরে কোনও কাজ করেনি। এই সরকার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে জনগণকে কষ্ট দিয়েছে। তিনি বলেন, মূল্যস্ফীতি, ঘৃণা ও বেকারত্বের দায়ভার প্রধানমন্ত্রী মোদীর নেওয়া উচিত। রাহুল বলেন, দেশের অর্থনীতির অবস্থা খারাপ। কৃষকরা চিন্তিত। কৃষকদের আয় দ্বিগুণ করতে ব্যর্থ হয়েছে মোদী সরকার। দেশে দুর্নীতি চরমে এবং সরকার শুধু গুটিকয়েক ব্যবসায়ীর স্বার্থে কাজ করছে। চিন ও জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে মোদী সরকার ব্যর্থ হয়েছে। বিরোধী দল ও নেতাদের বিরুদ্ধে প্রতিহিংসার মনোভাব নিয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। করোনার সময় এই সরকারকে সম্পূর্ণ অসহায় দেখাচ্ছিল। অব্যবস্থাপনার কারণে কোটি কোটি মানুষকে দেশান্তর হতে হয়েছে। মোদী সরকারের নয় বছরের শাসনে দেখানোর কিছু নেই। এই সরকার নির্বাচনী লাভের জন্য দেশে ভীতির পরিবেশ সৃষ্টির কাজ করেছে।

আলফ্রেড নোবেল: একজন নিঃসঙ্গ মানুষ

প্রদীপ দেব

মানুষ হিসেবে কেমন ছিলেন আলফ্রেড নোবেল? যিনি একাধারে একের পর এক বিস্ফোরক ও যুদ্ধাস্ত্রের উপাদান আবিষ্কার করেছেন, সারা ইউরোপে বিরাট বিরাট কারখানা গড়ে তুলে কাড়ি কাড়ি অর্থ উপার্জন করেছেন, কিন্তু জীবন-যাপন করেছেন একাকি, নিরাসক্ত। জীবনে কোনোদিন ধূমপান করেননি, মদ পান করেননি, এমন কি বিয়েও করেননি। তেমন কোনো বন্ধুবান্ধবও ছিল না আলফ্রেড নোবেলের। প্রথম জীবনে কবি হতে চেয়েছিলেনঅনেক কবিতাও লিখেছিলেন। প্রেম ছিল সেসব কবিতায়, ক্ষোভও ছিল। কিন্তু কোনো রচনাই তিনি প্রকাশ করেননি। অন্তর্মুখী এই মানুষটি একদিকে শক্তহাতে ইন্ডাস্ট্রি ও ব্যবসা সামলেছেন, অন্যদিকে নিরলস গবেষণায় আবিষ্কার করেছেন একের পর এক নতুন বিস্ফোরক। কিন্তু তাঁর ব্যক্তিগত জীবনের চারপাশে একটা অদৃশ্য দেয়াল তুলে রেখেছিলেনযে দেয়াল ভেদ করে তাঁর মনের খোঁজ পাওয়া সম্ভব ছিল না কারোরই। হাতে গোনা যে কজন মানুষের কাছে কিছু ব্যক্তিগত চিঠিপত্র লিখেছিলেন, তাও তাঁর মৃত্যুর পর প্রায় পঞ্চাশ বছর পর্যন্ত গোপন করে রেখেছিল নোবেল ফাউন্ডেশন।

আলফ্রেড নোবেল তাঁর প্রত্যেকটি চিঠির কপি রাখতেন, একান্ত ব্যক্তিগত চিঠিরও। নোবেল ফাউন্ডেশনের আর্কাইভে আছে তাঁর হাতে লেখা অনেক চিঠি। প্রত্যেকটি চিঠিতে তাঁর নিজের হাতে ক্রমিক নম্বর দেওয়া। ১৯৫০ সালে তাঁর ব্যক্তিগত চিঠিপত্রগুলো প্রকাশ্যে আসার পর আলফ্রেড নোবেলের ব্যক্তিগত ভাবনা-চিন্তাগুলোর কিছু দিক উন্মোচিত হয়। ফরাসি লেখক ভিক্টর হুগো আলফ্রেড নোবেলের নাম দিয়েছিলেন 'দি ওয়েলদিয়েস্ট ভ্যাগাবন্ড ইন ইউরোপ'। নোবেলের চিঠিগুলো থেকে কিছুটা হলেও দেখা যায় তৎকালীন ইউরোপের সবচেয়ে ধনী এই চিরকুমার 'ভবঘুরে'র ব্যক্তিগত জীবনের কিছু দিক।

নোবেলদের পূর্বপুরুষরা ছিলেন নোবেলিয়াস পদবীভুক্ত দরিদ্র কৃষক। আলফ্রেডের ঠাকুরদা নিজের চেষ্টায় নাপিতের কাজ শিখেছিলেন। ক্ষৌরকর্মের পাশাপাশি তিনি ছোটখাটো অস্ত্রোপচারও করতেন। ১৭৭৫ সালে নিজের পদবী নোবেলিয়াসের অর্ধেক ছেঁটে ফেলে 'নোবেল' করে নেন। তাঁর বড় ছেলে ইমানুয়েলআলফ্রেড নোবেলের বাবা। ১৮৩৩ সালের ২১ অক্টোবর সুইডেনের স্টকহোমে ইমানুয়েল ও ক্যারোলিন নোবেলের চতুর্থ সন্তান আলফ্রেড নোবেলের জন্ম। তাঁর বড় তিনজনের একজন জন্মের পরেই মারা যায়। বাকি দুই ভাই রবার্ট ও লুডভিগ। ইমানুয়েল নোবেল ছিলেন প্রকৌশলী। তাঁর নিজের কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং ফার্ম ছিল। কনস্ট্রাকশনের কাজে নানারকম বিস্ফোরক নিয়ে পরীক্ষা করতে করতে নতুন অনেক পদ্ধতি আবিষ্কার করছিলেন তিনি। তাঁর ব্যবসায় মাঝে মাঝে খুবই সাফল্য আসছিল, আবার মাঝে মাঝে হারাচ্ছিলেন সর্বস্ব। আলফ্রেডের যখন জন্ম হয়, তখন ইমানুয়েল নোবেলের আর্থিক অবস্থা খুবই খারাপ। তাঁর কনস্ট্রাকশন ফার্ম দেউলিয়া হয়ে গেছে। সুইডেনের বাইরে গিয়ে কিছু করার চেষ্টা করছিলেন তিনি তখন।

এদিকে জন্ম থেকেই ভীষণ রুগ্ন আলফ্রেড। পেটের পীড়া লেগেই আছে, হৃৎপিন্ডের অবস্থাও খুব একটা ভালো নয়। সারাজীবনই শরীর নিয়ে ভুগেছেন আলফ্রেড নোবেল। দুর্বল স্বাস্থ্যের কারণে মাকে আঁকড়ে ধরেই তাঁর বেড়ে ওঠা। সারাক্ষণ শারীরিক কষ্টে ভোগার কারণে আলফ্রেড ছোটবেলা থেকেই কোনো ধরনের খেলাধূলার প্রতি উৎসাহ পাননি। তাই কোনো খেলার সঙ্গীও ছিল না। শৈশবে মা ছাড়া আর কারো সঙ্গেই তাঁর কোনো আত্মিক সম্পর্ক গড়ে ওঠেনি। দুর্বল স্বাস্থ্যের কারণে কখনোই ছিলেন না হাসিখুশি উচ্ছল। তাঁকে কেউ কখনো প্রাণখুলে হাসতে দেখেনি। ইমানুয়েল নোবেল আর্থিক দৈন্যদশা থেকে মুক্তির জন্য নানারকম ব্যবসার চেষ্টা করছিলেন। কিন্তু কিছুতেই সফলতা ধরা দিচ্ছিল না। আলফ্রেডের বয়স যখন চার, তখন তিনি তিন ছেলে ও স্ত্রীকে সুইডেনে রেখে ফিনল্যান্ড চলে গেলেন। কিন্তু সেখানেও তেমন কিছু করতে পারলেন না। সেখান থেকে চলে গেলেন রাশিয়ার সেন্ট পিটার্সবুর্গে। সে সময় রাশিয়া ও ইংল্যান্ডের মধ্যে ক্রিমিয়ান যুদ্ধের পাঁয়তারা চলছে। ইমানুয়েল দেখলেন সম্ভাব্য যুদ্ধের বাজারে গোলাবারুদ, মাইন আর যন্ত্রাংশ তৈরি ও সরবরাহের বিপুল সম্ভাবনা। তিনি কাজ শুরু করে দিলেন সেন্ট পিটার্সবুর্গে। দ্রুত সাফল্য অর্জন করলেন, আর্থিক অবস্থা ভালো হয়ে গেল। ১৮৪২ সালে পুরো পরিবারকে নিয়ে এলেন সেন্ট পিটার্সবুর্গে।

আলফ্রেড যখন সেন্ট পিটার্সবুর্গে এলেন, তখন তাঁর বয়স নয়। চার বছর বয়স থেকে বাড়িতেই পড়াশোনা শুরু হয়েছে। ইমানুয়েল প্রাতিষ্ঠানিক শিক্ষাপদ্ধতিতে সন্তুষ্ট ছিলেন না। তাই কোনো ছেলেকেই তিনি প্রাতিষ্ঠানিক স্কুলে পাঠাননি। বাড়িতে টিউটর রেখে ব্যবহারিক শিক্ষা দিয়েছেন ছেলেদের পছন্দ, মেধা ও আগ্রহের দিকে খেয়াল রেখে। সেন্ট পিটার্সবুর্গের বাড়িতে বিজ্ঞান, সাহিত্য, ভাষা, ইতিহাস প্রভৃতি বিষয়ের জন্য শিক্ষক রেখে পড়াশোনার ব্যবস্থা করা হলো ছেলেদের জন্য।

আলফ্রেড নোবেল জীবনে কখনো কোনো শিক্ষা প্রতিষ্ঠানে পড়েননি। বাড়িতেই তাঁর লেখাপড়া। অন্তর্মুখী হওয়ার কারণে বেশির ভাগ সময় পড়াশোনাতেই কাটে। রাসায়নিক ক্রিয়া-প্রতিক্রিয়ার প্রতি রয়েছে বিশেষ আগ্রহ। বাবার কারখানায় নানারকম পরীক্ষামূলক বিস্ফোরণ দেখতে দেখতে বেড়ে ওঠার পাশাপাশি নিজেরও অনেক নতুন আইডিয়া দানা বাঁধতে শুরু করেছে। কিন্তু তার চেয়েও বেশি ভালো লাগে সাহিত্য। সতের হবার আগেই সুইডিশ, রাশিয়ান, জার্মান, ইংরেজি ও ফরাসি ভাষায় অনর্গল কথা বলতে ও লিখতে শিখে গেলেন আলফ্রেড। লিখতে শুরু করলেন কবিতা। মনে মনে ঠিক করে ফেলেছেন, লেখকই হবেন।

আলফ্রেডের কাব্যচর্চার কথা জেনে গেলেন বাবা ইমানুয়েল। তিনি জানেন, কাব্যচর্চা করে অর্থোপার্জন করা যায় না। তাই চাচ্ছিলেন ছেলে এমন কিছু করুক, যা দিয়ে অর্থ উপার্জন করা সহজ হবে। নিজের কারখানায় ছেলেকে সম্পৃক্ত করার আগে সঠিক প্রশিক্ষণ দরকার। ১৮৫০ সালে আলফ্রেডকে রাসায়নিক প্রশিক্ষণের জন্য রাশিয়ার বাইরে পাঠিয়ে দিলেন ইমানুয়েল নোবেল।

পরবর্তী তিন বছর আলফ্রেড জার্মানি, ফ্রান্স, ইতালি ও যুক্তরাষ্ট্রে কয়েকজন বিশিষ্ট প্রকৌশলী ও রসায়নবিদের অধীনে কাজ শিখলেন। আমেরিকায় কাজ করলেন সুইডিশ বংশোদ্ভূত বিজ্ঞানী জন এরিকসনের সঙ্গে, যিনি 'মনিটর' নামে একটি মার্কিন যুদ্ধজাহাজের ডিজাইন করেছিলেন। ফ্রান্সে গিয়ে কাজ শিখলেন রসায়নবিদ আস্ক্যানিও সবরেরোর কাছে। আস্ক্যানিও সবরেরো নাইট্রোগ্লিসারিন আবিষ্কার করেছিলেন। ভয়ংকর বিস্ফোরক এই নাইট্রোগ্লিসারিন এতটাই বিপজ্জনক যে সামান্য নাড়াচাড়াতেই প্রচন্ড বিস্ফোরণ ঘটে। তাই এটাকে তখন কোনো ব্যবহারিক কাজে লাগানো যাচ্ছিল না। আলফ্রেড ভাবতে শুরু করলেন নাইট্রোগ্লিসারিনকে কীভাবে বশে আনা যায়।

১৮৫২ সালে সেন্ট পিটার্সবুর্গে ফিরে এসে বাবার কারখানায় যোগ দিলেন উনিশ বছর বয়সী আলফ্রেড। ইংল্যান্ডের বিরুদ্ধে ক্রিমিয়ান যুদ্ধের কারণে রাশিয়ার নৌবাহিনী বিপুল পরিমাণ নেভাল মাইন কিনছিল, আর তা সরবরাহ করছিল তাদের 'ফাউন্ড্রিজ এন্ড মেশিন শপ্স অব নোবেল এন্ড সন্স'। যুদ্ধ যতদিন চলল, নোবেল পরিবারের উপার্জন ততই ফুলে ফেঁপে উঠল। বিপুল উৎসাহে ইমানুয়েল বেশ কয়েক বছরের জন্য মাইন তৈরি করে মজুদ করে ফেললেন। কিন্তু ১৮৫৬ সালে যুদ্ধ শেষ হয়ে গেল। ইমানুয়েলের গুদামভর্তি নেভাল মাইন পড়ে রইল অলসভাবে। দুবছরের মধ্যে কারখানা আবার দেউলিয়া হয়ে গেল।

নাইট্রোগ্লিসারিন

এদিকে তরুণ আলফ্রেড নিজের পড়াশোনা, কারখানার ল্যাবরেটরিতে নাইট্রোগ্লিসারিন নিয়ে পরীক্ষানিরীক্ষায় ব্যস্ত। মাঝে মাঝে কবিতা লিখতে চেষ্টা করেন। কবিতায় প্রেম আর স্বপ্নের মাখামাখি। অন্তর্মুখী আলফ্রেড ভালোবেসে ফেলেছেন একজন ফার্মাসিউটিক্যাল অ্যাসিস্ট্যান্ট রাশিয়ান তরুণীকে। কিন্তু ভালোবাসার কথা কবিতায় প্রকাশ পেলেও মুখ ফুটে বলতে পারেন না ভালোবাসার মানুষকে। দুর্বল স্বাস্থ্য, মাঝারি উচ্চতার আলফ্রেডের দুঃখী দুঃখী মুখ দেখে ভালোবাসা বোঝা সহজ নয়। আলফ্রেডের ভালোবাসা ঠিকমতো গতি পাবার আগেই এক দুঃখজনক পরিণতিতে পৌঁছে যায়। যক্ষারোগে ভুগে মেয়েটি মারা যায়। গভীর অবসাদে ডুবে যান তেইশ বছর বয়সী আলফ্রেড নোবেল।

প্রথম প্রেমের মৃত্যুর পর বিষন্ন আলফ্রেড বেপরোয়ার মতো নাইট্রোগ্লিসারিন নিয়ে কাজ শুরু করলেন। এ যেন প্রতিমুহূর্তে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়া। কয়েক বছরের মধ্যেই সাফল্য পাওয়া গেল। ১৮৬০ সালে ২৭ বছর বয়সে নাইট্রোগ্লিসারিনের বিস্ফোরণ নিয়ন্ত্রণ করতে সমর্থ হলেন।

এদিকে রাশিয়ায় বাবার ব্যবসা বন্ধ হয়ে গেছে। ইমানুয়েল নোবেল তাঁর পরিবারসহ রাশিয়া ছেড়ে ফিরে এলেন সুইডেনের হেলেনেবর্গে ১৮৬৩ সালে। আলফ্রেড ও তাঁর ছোটভাই এমিল মা-বাবার সঙ্গে সুইডেন ফিরলেন। বড় দুইভাই রবার্ট ও লুডভিগ তাঁদের নিজেদের স্ত্রী ও সন্তানদের নিয়ে রয়ে গেলেন রাশিয়ায়। পরবর্তীতে ক্রমে ক্রমে তাঁরা রাশিয়ায় বিপুল তেলসম্পদের মালিক হন। লুডভিগ নোবেলকে রাশিয়ার তেলসাম্রাজ্যের মুকুটহীন সম্রাট বলা হতো।

সুইডেনে ফিরে এসে স্টকহোমে ল্যাবরেটরি স্থাপন করলেন ইমানুয়েল ও আলফ্রেড নোবেল। নাইট্রোগ্লিসারিনের পরীক্ষা চলছিলই। ১৮৬৩ সালের ১৪ অক্টোবর ৩০ বছর বয়সী নোবেল প্রথম প্যাটেন্ট পেলেন 'মেথড অব প্রিপেয়ারিং গানপাউডার ফর বোথ ব্লাস্টিং এন্ড শুটিং'। ব্যাপক গবেষণায় মেতে উঠলেন আলফ্রেড।

আলফ্রেড নোবেলের ছোটভাই এমিল নোবেল ল্যাবরেটরিতে তাঁর সহযোগী হিসেবে কাজ করতে শুরু করেছে ছোটভাই এমিল নোবেল। কিন্তু নাইট্রোগ্লিসারিন নিয়ে কাজ করতে গিয়ে প্রতিমুহূর্তে বিপদের সম্ভাবনা। ১৮৬৪ সালের ৩ সেপ্টেম্বর বিরাট বিস্ফোরণে ধ্বংস হয়ে যায় আলফ্রেডের ল্যাবরেটরি। ছোটভাই এমিলসহ পাঁচজন মারা যান এই দুর্ঘটনায়। ভীষণভাবে আহত হবার পরেও অল্পের জন্য বেঁচে যান আলফ্রেড নোবেল।

একটু সুস্থ হবার পর আবার কাজে লেগে গেলেন। কিন্তু ছেলে এমিলের মৃত্যুশোক সামলাতে পারলেন না বাবা ইমানুয়েল। স্ট্রোক করে শয্যাশায়ী হয়ে পড়লেন তিনি। পারিবারিক ব্যবসার পুরো দায়িত্ব এসে পড়ল আলফ্রেড নোবেলের হাতে।

দুর্ঘটনার পর স্টকহোমের কোথাও ল্যাবরেটরি স্থাপন করার অনুমতি পাচ্ছেন না আলফ্রেড। কিন্তু তাঁর ব্লাস্টিং অয়েলের ব্যাপক চাহিদা। হ্রদের ওপর ভাসমান বার্জে অস্থায়ী ল্যাবরেটরি স্থাপন করে তৈরি করা হচ্ছে ব্লাস্টিং অয়েল। অবশেষে ১৮৬৫ সালের নভেম্বরে জার্মানির হামবুর্গের কাছে নাইট্রোগ্লিসারিন ফ্যাক্টরি তৈরির অনুমতি পেলেন। সেখানেও অনেক সাবধানে কাজ করা হচ্ছিল। দুর্ঘটনা ঘটলে মৃত্যুর সংখ্যা কমানোর লক্ষ্যে এক একটা শেডে দুজনের বেশি কাজ করতেন না কখনোই। কিন্তু ১৮৬৬ সালে আবার ঘটল দুর্ঘটনা।

ল্যাবরেটরির ধ্বংসস্তূপ সরাবার সময় আলফ্রেড আবিষ্কার করলেন তরল নাইট্রোগ্লিসারিন মিহি বালি ও মাটির সঙ্গে মিশে এক ধরনের পেস্টের মতো তৈরি হয়েছে। ওই পেস্টগুলো জোরে নিক্ষেপ করলে বিস্ফোরিত হয়, আগুনে পোড়ালেও বিস্ফোরণ ঘটে। কিন্তু স্বাভাবিক তাপে ও চাপে বিস্ফোরণ ঘটে না। আলফ্রেড পেয়ে গেলেন তাঁর স্বপ্নলোকের চাবি। কয়েক মাসের মধ্যেই তিনি উদ্ভাবন করলেন ডায়নামাইট। তারপর সাফল্যের ইতিহাস গড়ল এটি। ডায়নামাইট আবিষ্কারের ব্রিটিশ প্যাটেন্ট পেয়ে গেলেন মে মাসে। ছুটে গেলেন যুক্তরাষ্ট্রেডায়নামাইটের মার্কিন প্যাটেন্ট পাবার জন্য। দুবছর পরে মার্কিন প্যাটেন্ট পেলেন। পরের কয়েক বছরের মধ্যে তাঁর ডায়নামাইট ও অন্যান্য বিস্ফোরকের ব্যবসা ছড়িয়ে পড়ল পৃথিবীজুড়ে। তাঁর কারখানা তৈরি হলো ফ্রান্স ও স্কটল্যান্ডে। পরে পৃথিবীর বিশটি দেশের নব্বইটি শহরে আলফ্রেড নোবেলের কারখানা স্থাপিত হয়। নোবেল সাম্রাজ্য বিস্তৃত হতে থাকে। বাড়তে থাকে তাঁর নতুন নতুন আবিষ্কার। ৩৫৫টি আবিষ্কারের প্যাটেন্ট পেয়েছিলেন আলফ্রেড নোবেল।

সবচেয়ে বড় কারখানা ফ্রান্সে থাকায় ১৮৭৩ সাল থেকে প্যারিসের মালাকফ এভিনিউতে বসবাস করতে শুরু করেন আলফ্রেড নোবেল। বিরাট বাড়ি। থাকার লোক মাত্র তিন জন, তিনি এবং কাজের লোক ও ড্রাইভার। প্রচন্ড ব্যস্ত আলফ্রেড। ব্যবসার সমস্ত কাগজপত্র নিজেই দেখাশোনা করেন। নিজের হাতে সব ব্যক্তিগত ও দাপ্তরিক চিঠিপত্রের উত্তর দেন। আবার তাদের কপিও রাখেন। টাকা-পয়সার নিখুঁত হিসেব রাখেন নিজেই। এর মধ্যেও যখন সময় পান নিজের লাইব্রেরিতে বসে পড়াশোনা করেন। ব্যক্তিগত ও সামাজিক অনুষ্ঠান বলতে কিছুই নেই তাঁর। যা আছে সবই ব্যবসায়িক। এত কাজ করেন কাজের তাগিদেই। যেমন ব্যবসার কাজে উকিলের সঙ্গে কথা বলতে হয়। কিন্তু উকিল সম্প্রদায়ের প্রতি তাঁর ব্যক্তিগত শ্রদ্ধা শূন্যের কোঠায়। তিনি মনে করেন, উকিলরা তাঁদের পেশার খাতিরে পৃথিবীর সবাইকেই অসৎ ভাবেন।

প্যারিসে বাস করলেও ফ্রান্সকে নিজের দেশ ভাবতে পারেন না আলফ্রেড। কোনো নির্দিষ্ট দেশকেই তাঁর নিজের দেশ বলে মনে হয় না। পৃথিবীর অনেক দেশেই তাঁর বাড়ি থাকলেও কোনো বাড়িকেই নিজের বাড়ি মনে করতে পারেন না। তিনি মনে করেন, 'আমার বাড়ি হলো সেখানেই, যেখানে বসে আমি কাজ করি। আর আমি সবখানেই কাজ করি।'

কাজের সাফল্যে আলফ্রেড নোবেলকে উচ্ছ্বসিত হতে যেমন কেউ কখনো দেখেননি, ব্যর্থতায় ভেঙে পড়তেও কখনো দেখা যায়নি। এ যেন কাজের জন্যই কাজ করা। বন্ধুহীন, সঙ্গীহীন, একাকি জীবনযাপনে অভ্যস্ত আলফ্রেড পুরো পৃথিবীর প্রতিই এক ধরনের বিতৃষ্ণভাব পোষণ করতেন। রাজনৈতিকভাবে সমাজতন্ত্রের প্রতি সামান্য সমর্থন থাকলেও নিজের ধনবাদী অবস্থান থেকে নড়তে রাজি ছিলেন না কখনোই। রাজনৈতিক গণতন্ত্রের প্রতিও বিশ্বাস ছিল না তাঁর। জনগণ সমষ্টিগতভাবে সঠিক সিদ্ধান্ত নিতে পারে বলে মনে করতেন না তিনি। নিজের পড়াশোনা ও ভাবনা-চিন্তার গভীরতার ওপর যথেষ্ট বিশ্বাস ছিল। তিনি যে প্রচুর সম্পদের মালিক এবং এ সম্পদ যে তাঁকে অনেক বেশি ক্ষমতাবান করে তুলেছে তা তিনি ভালো করেই জানতেন। জানতেন বলেই সাধারণ মানুষের সঙ্গে একটা দূরত্ব তিনি বরাবরই রক্ষা করে চলতেন।

শরীর তাঁর কোনোদিনই খুব ভাল ছিল না। সারাক্ষণই কোনো না কোনো শারীরিক সমস্যা লেগেই থাকে। নিজের ভেতর একধরনের হীনমন্যতা বাসা বেঁধেছে। নিজেকে খুবই অনাকর্ষণীয় মনে করেন। ভালোবাসাহীন শারীরিক সম্পর্কের প্রতি কোনো আকর্ষণ নেই তাঁর। সেই প্রথম যৌবন থেকে অপেক্ষা করছেন, কখন তাঁর ভালোবাসার মানুষের সঙ্গে দেখা হবে।

যে রাশিয়ান মেয়েটির প্রেমে পড়েছিলেন, সেই প্রেম বিকশিত হবার আগেই মেয়েটির মৃত্যু হয়েছে। তারপর কেটে গেছে ২৩ বছর। আলফ্রেড সেরকম আর কোনো মেয়ের প্রতি আকর্ষণ অনুভব করেননি এত বছরেও। অবশ্য ভালোবাসা পাবার জন্য যেটুকু সময় সামাজিক মেলামেশায় কাটানো দরকার, তার কিছুই করেননি তিনি। মনের মধ্যে তিনি একটা ধারণা ক্রমাগত বাড়িয়ে চলেছেনতাঁকে কোনো মেয়ে ভালবাসবে না, কারণ মেয়েদের আকৃষ্ট করার মতো কোনোকিছুই নেই তাঁর মধ্যে।

১৮৭৬ সালে আলফ্রেড ভিয়েনায় গিয়েছিলেন কাজে। শহরটাকে বেশ ভালোই লাগে তাঁর। ভিয়েনার হোটেলে বসেই কিছুদিন কাজকর্ম চালিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিলেন। কাজ করতে করতে নিজেকে বড় একাকি বড় বুড়ো মনে হচ্ছে তাঁর। নিজের কাজকর্মে সাহায্য করার জন্য একজন লোক রেখেছেন কিছুদিন হলো। কিন্তু তাঁকে দিয়ে সবকিছু সামলানো যাচ্ছে না। মনে হলো এই ভিয়েনায় থেকে এমন কাউকে খুঁজে নেওয়া যায় যে তাঁর ব্যক্তিগত সহকারী থেকে বন্ধুও হয়ে যেতে পারে কোনো এক সময়।

অনেক ভেবেচিন্তে সংবাদপত্রের 'আবশ্যক' পাতায় একটা বিজ্ঞাপন দেয়ার সিদ্ধান্ত নিলেন। ভিয়েনার সংবাদপত্রে প্রকাশিত হলো সেই বিজ্ঞাপন'প্যারিসে বসবাসরত ধনী, উচ্চশিক্ষিত, সংস্কৃতিবান, বয়স্ক ভদ্রলোকের প্যারিসের বাড়ির তত্ত্বাবধায়ক এবং ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করার জন্য একাধিক ভাষায় পারদর্শী বয়স্কা মহিলা আবশ্যক।'

প্যারিসে ফিরে এসে দেখলেন,

কৌশলগত দিক থেকে বাংলাদেশ ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ দেশ : গোলাম মহম্মদ

ঢাকা, ২৬ মে (হি.স.): বাংলাদেশের পরম বন্ধু দেশ ভারত এবং ভবিষ্যতেও তাই থাকবে। এই মন্তব্য করেছেন বাংলাদেশের প্রধান বিরোধী দল জাতীয় পার্টির সভাপতি ও প্রাক্তন বাণিজ্যমন্ত্রী গোলাম মহম্মদ কাদের। তিনি বলেছেন, কৌশলগত দিক থেকে বাংলাদেশ ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ দেশ। বহুভাষী সংবাদ সংস্থা হিন্দুস্থান সমাচার-এর সঙ্গে বিশেষ আলাপচারিতায় গোলাম মহম্মদ কাদের বলেছেন, ভারত আমাদের সবচেয়ে বড় প্রতিবেশী দেশ। ভারত ও বাংলাদেশ দু''''টি পৃথক সার্বভৌম রাষ্ট্র কিন্তু সাংস্কৃতিকভাবে আমরা সবাই এক। ভারতের সঙ্গে আমাদের সাংস্কৃতিক, সামাজিক ও অর্থনৈতিক সম্পর্কও অত্যন্ত দৃঢ়। তিনি বলেছেন, বাংলাদেশ ও ভারতের যৌথ সংস্কৃতি, ঐতিহ্য, ভাষা, সাহিত্য ও ইতিহাস দুই দেশের সম্পর্ককে ঘনিষ্ঠতা প্রদান করে। রবীন্দ্রনাথ ঠাকুর ভারতের পাশাপাশি বাংলাদেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা।

বাংলাদেশ জাতীয় পার্টির প্রধান বলেন, ভারত আমাদের সবচেয়ে বড় প্রতিবেশী দেশ। ভারত একটি ভালো প্রতিবেশীর ভূমিকাও প্রদর্শন করে। এই সময় ১৯৭১ সালের স্বাধীনতা সংগ্রাম নিয়ে আলোচনা করতে গিয়ে তিনি বলেন, ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী আমাদের দেশের স্বাধীনতার জন্য অনেক সাহায্য করেছিলেন। এছাড়াও আমাদের মুক্তিযোদ্ধাদের অস্ত্র ও প্রশিক্ষণের ব্যবস্থা করেছেন। ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করে গোলাম মহম্মদ কাদের বলেন, কোভিড সংকটের সময় তিনি করোনার ভ্যাকসিন পাঠিয়ে বাংলাদেশকে নজিরবিহীনভাবে সাহায্য করেছেন। কাদের বলেন, ভারত প্রতিটি সংকটে আমাদের সাহায্য করেছে, তাই আমরা আমাদের প্রতিবেশী দেশের কাছে সবসময় কৃতজ্ঞ।

একটি প্রশ্নের জবাবে তিনি বলেন, ভারত ও চিনের মধ্যে যুদ্ধ পরিস্থিতি সৃষ্টি হলে বাংলাদেশ দৃঢ়ভাবে ভারতের পাশে দাঁড়াবে। মহম্মদ কাদের বলেন, তার বড় ভাই হুসেইন মহম্মদ ইরশাদ বাংলাদেশের রাষ্ট্রপতি হয়েছেন। তিনিও বরাবরই ভারতের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের পক্ষে। গোবর্ধন পীঠাধীশ্বর জগদগুরু শঙ্করাচার্য স্বামী শ্রী অধোক্ষজানন্দ দেব তীর্থের বাংলাদেশে সফর প্রসঙ্গে জাতীয় পার্টির প্রধান বলেন, মহারাজজির আগমনে আমরা সবাই খুব খুশি। তিনি এখানে এসেছেন প্রতিটি ধর্মের মানুষকে আশীর্বাদ করতে। সারা বিশ্বের কল্যাণের জন্য পুজো করেছেন আমরা এখানে জগদ্গুরুকে নাগরিক শুভেচ্ছাও দিয়েছি। সরকারের পক্ষ থেকেও প্রটোকল ও নিরাপত্তার ব্যাপক ব্যবস্থা করা হয়েছে। গোলাম মহাম্মদ কাদেরও শঙ্করাচার্যকে তার সংসদীয় এলাকা রংপুরে যাওয়ার অনুরোধ করেছেন।

উল্লেখযোগ্যভাবে, শঙ্করাচার্য স্বামী শ্রী অধোক্ষজানন্দ দেব তীর্থ বর্তমানে বাংলাদেশে তীর্থযাত্রায় রয়েছেন। তিনি বাংলাদেশে অবস্থিত শক্তিপীঠ ও অন্যান্য গুরুত্বপূর্ণ মন্দির পরিদর্শন ও পুজো করছেন।

জগদগুরুর সঙ্গে ভারতীয় সাধু ও পণ্ডিতদের একটি প্রতিনিধিদল রয়েছে, যার মধ্যে রয়েছেন ত্রিপুরা বিধানসভার ডেপুটি স্পিকার রাম প্রসাদ পাল, উত্তর প্রদেশের সিনিয়র সাংবাদিক পিএন দ্বিবেদী, আসামের ডিব্রুগড় থেকে পীঠাধীশ্বর শ্রীমহান্ত ত্রিবেণী পুরী, কলকাতার সিনিয়র সাংবাদিক তরুণ চক্রবর্তী, ড. ওমপ্রকাশাচার্য ও আসামের কামাখ্যা ধাম গুয়াহাটির থানাপতি নিত্যানন্দ গিরি।

প্রয়াত বাংলা সিনেমার অভিনেতা অমরনাথ মুখোপাধ্যায়

কলকাতা, ২৬ মে (হি.স.) : প্রয়াত হলেন বাংলা সিনেমার স্বর্ণযুগের জনপ্রিয় অভিনেতা অমরনাথ মুখোপাধ্যায়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯০ বছর।অভিনেতা জয়জিৎ মুখোপাধ্যায়ের ফেসবুক পোস্টে তাঁর প্রয়াণের খবর প্রকাশ্যে আসতেই শোকের ছায়া টলিউডে। আর্টিস্ট ফোরামের তরফেও শোকপ্রকাশ করা হয়েছে। দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন অমরনাথ মুখোপাধ্যায়। বৃহস্পতিবার মুম্বইয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। ২০০৫ সাল থেকেই মুম্বইয়ে ছেলে চন্দ্রদীপ মুখোপাধ্যায়ের কাছে থাকতেন বর্ষীয়ান অভিনেতা। সংবাদমাধ্যমের কাছে বাবার মৃত্যুসংবাদ নিশ্চিত করেছেন তিনি। শুক্রবার মায়ানগরীতেই অমরনাথের শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

বাংলা সিনেমার স্বর্ণযুগে বহু সিনেমায় অভিনয় করেছেন অমরনাথ মুখোপাধ্যায়। কখনও নেতিবাচক চরিত্রে আবার কখনও বা ইতিবাচক ভূমিকায় দর্শকদের মন কেড়েছেন তিনি। উত্তম-সুচিত্রা থেকে সৌমিত্র চট্টোপাধ্যায় সকলের সঙ্গেই অভিনয় করেছেন অমরনাথ। বসন্ত বিলাপ থেকে 'মৌচাক', 'স্বয়ংসিদ্ধা', 'কুহেলি' বহু জনপ্রিয় সিনেমায় অভিনয় করেছেন অভিনেতা।

নতুন সংসদ ভবন উদ্বোধন উপলক্ষে ৭৫ টাকার কয়েন আনছে কেন্দ্র

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.) : নতুন সংসদ ভবন সেন্ট্রাল ভিস্তার উদ্বোধন অনুষ্ঠানকে স্মরণীয় করে রাখতে এবং স্বাধীনতার ৭৫ বর্ষপূর্তি উদযাপন করতে ৭৫ টাকার কয়েন প্রকাশ করতে চলেছে কেন্দ্র সরকার। আগামী ২৮ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লিতে নয়া সংসদ ভবনের উদ্বোধন করবেন। আর ওইদিনই বিশেষ কয়েন প্রকাশ করা হবে বলে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের তরফে জানানো হয়েছে।

অর্থ মন্ত্রক বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে, দেশের স্বাধীনতার ৭৫ তম বর্ষপূর্তি উপলক্ষে এবং নতুন সংসদ ভবনের উদ্বোধনকে স্মরণীয় করে রাখতে বিশেষ ৭৫ টাকার কয়েন আনা হচ্ছে।

কয়েনের একদিকে থাকবে অশোক স্তম্ভ। 'সত্যমেব জয়তে' কথাটি লেখা থাকবে অশোক স্তম্ভের নীচে। মুদ্রার বামদিকে দেবনগরী হরফে লেখা থাকবে 'ভারত', আর ডানদিকে ইংরেজি হরফে লেখা থাকবে 'ইন্ডিয়া'। মুদ্রার অঙ্ক ৭৫ টাকাও লেখা থাকবে। কয়েনের উল্টো পিঠে থাকবে সংসদ ভবনের প্রতিকৃতি। সেই প্রতিকৃতির নীচে দেবনগরী হরফে লেখা থাকবে 'সংসদ সংকুল' ও ইংরেজিতে 'পার্লামেন্ট কমপ্লেক্স'।

অর্থ মন্ত্রকের তরফে জানানো হয়েছে, এই কয়েনের ব্যাসার্ধ হবে ৪৪ মিলিমিটার এবং ধারে মোট ২০০০টি দাগ থাকবে।

৩৫ গ্রামের এই বিশেষ কয়েন চারটি ধাতু দিয়ে তৈরি হবে।

৫০ শতাংশ রুপো, ৪০ শতাংশ তামা, ৫ শতাংশ নিকেল ও ৫ শতাংশ জিঙ্ক মিশ্রিত করে এই কয়েন তৈরি করা হবে।

নতুন সংসদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে থাকছে বিজেডি, সিদ্ধান্তের কথা জানালেন নবীন

কংগ্রেস-সহ ১৯টি বিরোধী রাজনৈতিক দলের উল্টো পথে হাঁটল নবীন পট্টনায়েকের বিজু জনতা দল (বিজেডি)। শুক্রবার বিজেডির পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে, তাঁরা নতুন সংসদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। আগামী ২৮ মে নতুন সংসদ ভবন দেশকে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু, এই উদ্বোধন নিয়ে শুরু হয়েছে বিতর্ক। ইতিমধ্যেই কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, সমাজবাদী পার্টি, রাষ্ট্রীয় জনতা দল-সহ বিভিন্ন রাজনৈতিক দল জানিয়ে দিয়েছে, তাঁরা নতুন সংসদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠান বয়কট করবেন। এই পরিস্থিতিতে বিজেডির পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়েছে, তাঁরা নতুন সংসদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। শুক্রবার বিজেডি সাংসদ ওমর পট্টনায়েক জানিয়েছেন, আমাদের দলের সভাপতি নবীন পট্টনায়েক সিদ্ধান্ত নিয়েছেন, বিজেডি নতুন সংসদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবে।

যথাযথ মর্যাদায় নজরুল জয়ন্তী উদযাপিত

কলকাতা, ২৬ মে (হি.স.): রাজ্যজুড়ে যথাযথ মর্যাদায় পালিত হল নজরুল জয়ন্তী। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। নজরুল জয়ন্তী উপলক্ষ্যে আলিপুর জেল মিউজিয়ামে নজরুল নামাঙ্কিত সংগ্রহশালার উদ্বোধন করা হয়। উদ্বোধনের পর সংগ্রহশালা ঘুরে দেখেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। নবান্নে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে মাল্যদান করেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। আবার বিধানসভায় বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ও মেয়র ফিরহাদ হাকিম। পশ্চিম বর্ধমানের চুরুলিয়া গ্রামে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী পালিত হয়, বর্ণাঢ্য প্রভাত ফেরির মাধ্যমের অনুষ্ঠানের সূচনা হয় এদিন। কবি স্মরণে শুরু হয়েছে নজরুল মেলাও।

শুক্রবারেও অপরিবর্তিত জ্বালানির দাম

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। তবুও আজ শুক্রবার দেশে পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল রয়েছে। অপরিশোধিত তেল রফতানি ও ডলারের কারণে প্রতি ব্যারেল ৭৬ ডলারের চেয়ে সামান্য কম। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ফলে একবছর ধরে অপরিবর্তিত থাকল জ্বালানির দাম।

শুক্রবার ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের এক বিজ্ঞপ্তি অনুসারে, দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে।

মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা।

ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে।

শনিবার নীতি আয়োগের বৈঠকে থাকছেন না পশ্চিমবঙ্গের প্রতিনিধি

কলকাতা, ২৬ মে (হি.স.) : আরও তীব্র কেন্দ্র-রাজ্য সংঘাত! নীতি আয়োগের বৈঠকে থাকছে না বাংলার কোনও প্রতিনিধি। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই জানিয়েছিলেন, কেন্দ্রের ডাকা বৈঠকে যাবেন না তিনি। মুখ্যমন্ত্রীর বিকল্প হিসাবে তিনজনের নাম প্রস্তাব করে রাজ্য সরকার। কিন্তু কেন্দ্র তাঁদের নামে আপত্তি জানিয়েছে। তাই রাজ্যের কোনও প্রতিনিধিই ওই বৈঠকে যোগ দেবেন না।

২৭ মে দেশের একাধিক মুখ্যমন্ত্রীর সঙ্গে একযোগে নীতি আয়োগের বৈঠকে যোগ দেওয়ার কথা ছিল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। চলতি মাসের দ্বিতীয় সপ্তাহে মুখ্যমন্ত্রী নিজেই দিল্লি সফরের কথা জানিয়েছিলেন। নীতি আয়োগের বৈঠকে রাজ্যের বঞ্চনা নিয়েও সরব হবেন বলে জানান তিনি। কিন্তু পরে সেই সফর বাতিল করেন মুখ্যমন্ত্রী। মমতার বদলে বাংলার প্রতিনিধি হিসাবে তিনজনের নাম প্রস্তাব করা হয়।

রাজ্যের তরফে কেন্দ্রকে প্রথমে জানানো হয়, মুখ্যমন্ত্রীর বদলে ওই বৈঠকে যোগ দেবেন অর্থ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বা মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী। বিকল্প হিসাবে অর্থ সচিব মনোজ পন্থের নামও পাঠানো হয়েছিল। অর্থাৎ মোট তিনজনের নাম পাঠানো হয় রাজ্যের তরফে। কিন্তু কেন্দ্রের তরফে তিনজনের নামেই আপত্তি জানানো হয়েছে। এ প্রসঙ্গে অর্থ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, "রাজ্যের তরফে মুখ্যমন্ত্রীর বিকল্প হিসাবে তিনজনের নাম প্রস্তাব করা হয়েছিল। আমার নামও ছিল। কিন্তু ওরা জানিয়েছে, যেহেতু শুধু মুখ্যমন্ত্রীই নীতি আয়োগের সদস্য, তাই এই বৈঠকে অন্যদের অনুমতি দেওয়ার ক্ষেত্রে জটিলতা আছে।"

দিল্লি ফিরলেন রাষ্ট্রপতি মুর্মু

রাঁচি, ২৬ মে (হি.স.) : তিন দিনের ঝাড়খণ্ড সফরের শেষ দিনে আজ শুক্রবার সকালে বিশিষ্টজনের সাথে দেখা করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

এরপর সকাল ১১টা ১০ মিনিটে একটি বিশেষ বিমান দিল্লির উদ্দেশে রওনা হন।

রাষ্ট্রপতি গত ২৫ মে দেওঘরে প্রার্থনার মাধ্যমে সফর শুরু করেছিলেন।

রাঁচিতে নবনির্মিত ঝাড়খণ্ড হাইকোর্ট ভবনের উদ্বোধন করেন তিনি।

দ্বিতীয় দিনে, বিরসা মুন্ডা কলেজে অনুষ্ঠিত মহিলাদের স্ব-সহায়ক সম্মেলনে তিনি ২৫ হাজার মহিলার সাথে মতবিনিময় করেন এবং বিকেল ৪ টায় নামকুমে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি (ট্রিপল আইটি) এর দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সম্মানে সন্ধ্যায় রাজভবনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন।

রাতভর অবস্থান, ঝড়-বৃষ্টিতে কলেজ স্কোয়্যারে এসএফআইয়ের জমায়েত

কলকাতা, ২৬ মে (হি. স.) : নয়া জাতীয় শিক্ষানীতি বা এনইপি এবং ইউজিসির সাম্প্রতিক সার্কুলার, বাতিল-সহ শিক্ষাক্ষেত্রের উপর লাগাতার আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদে সামিল হয়েছে বাম ছাত্র সংগঠন এসএফআই। সারা রাত কলেজ স্কোয়্যারে চলে অবস্থান বিক্ষোভ। শুক্রবারও এই অবস্থান চলছে । শুক্রবারও বাম ছাত্রসংগঠনের বিক্ষোভ মঞ্চে এসে পড়ুয়াদের পাশে থাকার বার্তা দেবেন কিছু বিশিষ্ট শিক্ষাবিদ, সমাজকর্মী, গণআন্দলনের কর্মীরা । অবস্থান মঞ্চে ছাত্র নেতৃত্বের বক্তব্যে উঠে আসছে 'শিক্ষার সাম্প্রদায়িকীকরণ, লাগামহীন বেসরকারিকরণ, সিলেবাস বিকৃতি'-সহ নানা প্রসঙ্গ। এই মঞ্চ থেকে বিজেপি সরকারের চাপিয়ে দেওয়া এই শিক্ষানীতির বিরুদ্ধে আগামী দিনে ছাত্র-গবেষক-শিক্ষক-শিক্ষাকর্মী-অভিভাবক-সহ সমাজের বৃহত্তর অংশকে ঐক্যবদ্ধ করার ডাক দিয়েছে এসএফআই। আরও বৃহত্তর পরিসরে আন্দোলন গড়ে তোলার বার্তা দিয়েছে এসএফআইয়ের নেতৃত্ব। এর আগে বৃহস্পতিবার কলেজ স্কোয়্যারে এসএফআইয়ের অবস্থান শুরু হয় দুপুরে। ছাত্রদের মিছিল ওই এলাকা পরিক্রমা করে। এরপর সেই বিক্ষোভে বিভিন্ন জেলার ছাত্র আন্দোলনের কর্মীরা সামিল হয়। ওই দিন অবস্থানে বক্তৃতা দেন অভিনেতা চন্দন সেন, শিক্ষাবিদ পবিত্র সরকার, কবি মন্দাক্রান্তা সেন, শিক্ষাবিদ অম্বিকেশ মহাপাত্র, অভিনেতা দীপাঞ্জন ভট্টাচার্য প্রমুখ বিশিষ্টজন।

খাতিমায় খালে গাড়ি পড়ে তিন শিশুসহ পাঁচজনের মৃত্যু

নৈনিতাল, ২৬ মে (হি.স.) : উত্তরাখণ্ডের উধম সিং নগর জেলার খাতিমায় বৃহস্পতিবার গভীর রাতে একটি গাড়ি শারদা খালে পড়ে গেলে তিন শিশুসহ পাঁচজনের মৃত্যু হয়।

চম্পাওয়াত পুলিশ জানিয়েছে, ঘটনাটি ঘটেছে গভীর রাতে লোহিয়াহেডের কাছে।

বলা হচ্ছে, মৃত দ্রৌপদী খাটিমার চাকরপুর অঞ্জনিয়ায় তার ভাইয়ের বাড়ি থেকে তার বাড়িতে ফিরছিলেন। পুলিশের প্রাথমিক অনুমান, গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে যাওয়ায় এই দুর্ঘটনা ঘটে। তবে বিশদ জানতে পুলিশ তদন্ত শুরু করেছে।

বঙ্গে জয়েন্ট এন্ট্রান্সের ফলপ্রকাশ

কলকাতা, ২৬ মে (হি. স.) : ২০২৩ সালে জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় প্রথম হয়েছেন মহম্মদ সাহিল আফতার। তিনি ডিপিএস রুবি পার্কের ছাত্র। দ্বিতীয় হয়েছেন ডিপিএসেরই সোহম দাস। তাঁরা দু'জনেই সিবিএসই বোর্ডের। তৃতীয় হয়েছে বাঁকুড়া বঙ্গ বিদ্যালয়ের উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রমের সারা মুখোপাধ্যায়। এ বার পাশের হার ৯৯.৪৬ ।

রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আগেই টুইটারে দিনক্ষণ জানিয়ে দিয়েছিলেন। সেই মতো শুক্রবার রাজ্যে প্রকাশিত হল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল। জয়েন্টে সফল পড়ুয়াদের মধ্যে ৫১ হাজার ৩৪৫ জন উচ্চ মাধ্যমিক বোর্ডের। আইএসসি পরীক্ষার্থী ২ হাজার ১৪২ জন। সিবিএসই পরীক্ষার্থী ২৮ হাজার ২৭ জন। বাকি বোর্ড থেকে জয়েন্ট দিয়েছিলেন ১৫ হাজার ৩৯২ জন।

এ বছর জয়েন্ট পরীক্ষার্থীর সংখ্যা ১ লক্ষ ২৬ হাজার ৯১৬। পরীক্ষায় বসেছিল ৯৭ হাজার ৯২৪ জন। সফল ৯৬ হাজার ৯১৩ জন। গত বছর সংখ্যাটা ছিল ১ লক্ষ ১ হাজার ৪১৩।

এ বার আরএফডি মেশিন এবং প্রথম মেটাল ডিটেক্টরের ব্যবহার হয়েছিল।

কাউন্সেলিং-এ যাতে সুবিধে হয়, সে জন্য একটি পুস্তিকা দেওয়া হচ্ছে। তা ভালো করে পর্যবেক্ষণ করে পড়ুয়ারা যাতে পরবর্তী সিদ্ধান্ত নেন, তার পরামর্শ দিয়েছেন বোর্ড সভাপতি । যারা ব্যাংক পেয়েছেন তাঁদের শুভেচ্ছা জানান তিনি ।

জয়েন্ট পরীক্ষা হয়েছিল গত ৩০ এপ্রিল। শুক্রবার ২৬ দিনের মাথায় ফল ঘোষণা করলেন জয়েন্ট এন্ট্রান্স বোর্ড সভাপতি মলয়েন্দু সাহা।

কর্নাটকে সিদ্দারামাইয়া মন্ত্রিসভার সম্প্রসারণ শনিবার

নয়াদিল্লি ও বেঙ্গালুরু, ২৬ মে (হি.স.): সম্প্রসারিত হতে চলেছে কর্নাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়ার মন্ত্রিসভা। শনিবার নতুন মন্ত্রীদের শপথ হবে বলে রাজভবন সূত্রের খবর। কংগ্রেসের তরফে ইঙ্গিত দেওয়া হয়েছে, এই দফায় আরও ২৪ জন মন্ত্রী শপথ নিতে পারেন। তার আগে শুক্রবার প্রাক্তন কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী ও কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সঙ্গে দেখা করলেন সিদ্দারামাইয়া। শুক্রবার সকালে দিল্লির ১০ জনপথ-এ গিয়ে সোনিয়া ও রাহুলের সঙ্গে দেখা করেছেন সিদ্দারামাইয়া।

কর্নাটক বিধানসভার আসনসংখ্যা ২২৪। পরিষদীয় বিধি মেনে তাঁদের ১৫ শতাংশ অর্থাৎ ৩৪ জন মন্ত্রী হতে পারেন। গত শনিবার মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া, উপমুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার-সহ ১০ জন মন্ত্রী শপথ নিয়েছেন। অর্থাৎ আরও ২৪ জন মন্ত্রী এখনও শপথ নিতে পারেন দাক্ষিণাত্যের ওই রাজ্যে।

শর্তসাপেক্ষে সত্যেন্দ্র জৈনকে জামিন দিল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.): শর্তসাপেক্ষে দিল্লির প্রাক্তন মন্ত্রী ও আম আদমি পার্টির নেতা সত্যেন্দ্র জৈনকে জামিন দিল সুপ্রিম কোর্ট। সত্যেন্দ্র জৈনের স্বাস্থ্যের বিষয়টি বিবেচনা করে তাঁকে ৬ সপ্তাহের জন্য অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছে সর্বোচ্চ আদালত। অনুমতি ছাড়া দিল্লির বাইরে যেতে পারবেন না তিনি এবং সংবাদ মাধ্যমের সামনে কোনও বক্তব্য রাখতে পারবেন না।

বেশ কিছু দিন আগে সুপ্রিম কোর্টে জামিনের আবেদন জানিয়েছিলেন সত্যেন্দ্র জৈন। এরইমধ্যে বৃহস্পতিবার অসুস্থ হয়ে পড়েন তিনি। বৃহস্পতিবার সকাল ৬টা নাগাদ বিচারাধীন বন্দী সত্যেন্দ্র জৈন সেন্ট্রাল জেল (সিজে-৭) হাসপাতালের মেডিকেল ইন্সপেকশন (এমআই) রুমের বাথরুমে পা পিছলে পড়ে যান, তিনি সামান্য আঘাত পান। চেকআপের জন্য দীন দয়াল উপাধ্যায় হাসপাতালে আনা হয়। পরে দীনদয়াল উপাধ্যায় হাসপাতাল থেকে তাঁকে লোকনায়েক জয়প্রকাশ নারায়ণ হাসপাতালে (এলএনজেপি) রেফার করা হয়। সত্যেন্দ্র জৈনের স্বাস্থ্যের বিষয়টি বিবেচনা করে শুক্রবার তাঁকে ৬ সপ্তাহের জন্য অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছে সর্বোচ্চ আদালত।

কাজের সন্ধান

আগরতলায় পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় অফিসে এলডিসি, অপারেটর পদে ১৬০০ চাকরি

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন অফিস ও ডাকঘরে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, এলডিসি, ডেটা এন্ট্রি অপারেটর ইত্যাদি বিভিন্ন পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ১৬০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮ - ২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ জুন, আগস্ট মাসে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র - আগরতলা। উচ্চমাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে, নম্বরের কোনও কড়াকড়ি নেই। কেন্দ্রীয় সরকারের সারা দেশের পোস্ট অফিসগুলিতে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট সহ অন্যান্য কেন্দ্রীয় অফিসে লোয়ার ডিভিশন ক্লার্ক এবং ডেটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল এগজামিনেশন, ২০২৩ পরীক্ষার মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে মে মাসে। যোগ্যতা - উচ্চমাধ্যমিক পাশ। আগামী বছর যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, শর্তসাপেক্ষে তাঁরাও আবেদনের যোগ্য।

এককথায়, উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা ০১-০৮-২০২২ তারিখের হিসেবে বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হলে আবেদন করতে পারেন। দূরশিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষা ব্যবস্থায় যাঁরা পাশ করেছেন তাঁরা সংশ্লিষ্ট সময়কালে কোর্সটি ডিইসি-ইগনুর স্বীকৃত হলে আবেদন করতে পারবেন। আগামী বছর যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন, শর্তসাপেক্ষে তাঁরাও আবেদনের যোগ্য। যোগ্যতা, বয়স সবই অর্জন করতে হবে ০১-০৮-২০২২ তারিখের মধ্যে। তফশিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা/বিবাহবিচ্ছিন্না/ ডিভোর্সী মহিলা প্রভৃতি প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। যেমন, ওবিসি-দের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর, এসসি/এসটি-দের জন্য ৩২ বছর, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩৭ বছর, বিধবা/ বিবাহ বিচ্ছিন্না/ ডিভোর্সী মহিলা প্রার্থীদের জন্য ৩৫ বছর। লোয়ার ডিভিশন ক্লার্ক (এলডিসি) ও জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (জেসিএ) পদের ক্ষেত্রে মূল মাইনে পে লেভেল ২ অনুযায়ী ১৯,৯০০-৬৩,২০০ টাকা, ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে মূল মাইনে লেভেল ৪ অনুযায়ী ২৫,৫০০-৮১,১০০ টাকা এবং লেভেল ৫ অনুযায়ী ২৯,২০০-৯২,৩০০ টাকা। ডেটা এন্ট্রি অপারেটর, গ্রেড-এ পদের ক্ষেত্রে মূল মাইনে লেভেল ৪ অনুযায়ী ২৫,৫০০-৮১,১০০ টাকা। পদগুলো নন-টেকনিক্যাল গ্রুপ-সি ভুক্ত। শূন্যপদের সংখ্যা ১৬০০টি। এর মধ্যে লোয়ার ডিভিশন ক্লার্ক (এলডিসি) ও জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (জেসিএ), ডেটা এন্ট্রি অপারেটর, এবং ডেটা এন্ট্রি অপারেটর, গ্রেড-এ পদের বিস্তারিত শূন্যপদের সংখ্যা ও বিভাজন জানতে এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। পরবর্তী সময়ে শূন্যপদের সংখ্যা আরও বাড়াতে পারে বলে এঁদের ওয়েবসাইটে জানানো হয়েছে। নিয়মিত এঁদের ওয়েবসাইটে তা জানিয়ে দেওয়া হবে। ডেটাএন্ট্রি অপারেটর পদে নিয়োগ হবে এইসব মন্ত্রক অফিসে: (এ) কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া, (বি) মিনিস্ট্রি অফ অ্যাগ্রিকালচার, (সি) সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশন, (ডি) সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন, (ই) এসবের বাইরে অন্য কোনও ডিপার্টমেন্ট/অফিস।

এলডিসি নিয়োগ হবে দুটি গ্রুপে: (এ' গ্রুপ) (এ) আর্মড ফোর্সেস হেড কোয়ার্টাস ক্ল্যারিক্যাল সার্ভিসেস লোয়ার ডিভিশন গ্রেড (বি) ইলেকশন কমিশন অফ ইন্ডিয়া, (সি) ইন্টেলিজেন্স ব্যুরো, (ই) কোস্ট গার্ড, নিউ দিল্লি, (জি) ইন্ডিয়ান ফরেন সার্ভিস (বি), গ্রেড-ফোর, (এইচ) সেন্ট্রাল ব্যুরো অফ ইভেস্টিগেশন, (আই) অফিস অফ কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস, (জে) মিনিস্ট্রি অফ পার্লামেন্টারি অ্যাফেয়ার্স, (কে) প্রেসিডেন্ট 'স সেক্রেটারিয়েট, (এল) সেন্টাল ভিজিল্যান্স কমিশন, (ও) ওপরের উল্লেখের বাইরে যে-কোনও অফিস। এলডিসির 'ওয়াই' গ্রুপের ক্ষেত্রে নিয়োগ হবে রাজ্যে-রাজ্যে অবস্থিত ওপরের অফিসগুলির, তাছাড়া রাজ্যে-রাজ্যে অবস্থিত সিএজিআইয়ের অফিস, অ্যাকাউন্ট্যান্ট জেনারেল (অডিট), অ্যাকাউন্টস জেনারেল (অ্যাকাউন্টস অ্যান্ড এস্টাব্লিশমেন্ট), কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্টস, এসবের বাইরে রাজ্যে-রাজ্যে অবস্থিত যে-কোনও কেন্দ্রীয় অফিস।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। আগের থেকে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেটে ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্‌জাম-ফি লাগবে না। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ৮ জুনের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ৮ জুন। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটসঅ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বরে। দরখাস্ত সাবমিট হয়ে গেলে রেজিস্ট্রেশন কপির প্রিন্ট আউট নিজের কাজে রাখবেন। তা কিন্তু আবার কোথাও পাঠাতে হবে না। যোগ্য প্রার্থীদের কললেটার, পরীক্ষার এক সপ্তাহ আগে, এঁদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে পারবেন।

প্রার্থীবাছাই হবে স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডরি লেভেল এগজামিনেশন, ২০২৩'-এর মাধ্যমে পরীক্ষায় থাকবে কম্পিউটার ভিত্তিক দুটি পর্ব। প্রথম পর্ব আগস্ট মাসে। তবে কাঁর কবে পরীক্ষা তা জানিয়ে দেওয়া হবে কল লেটারের মাধ্যমে। ২০০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। তাতে থাকবে ৪ পেপার, প্রতিটিতে ২৫টি প্রশ্ন, ৫০ নম্বর। সব পেপারেই আলাদা-আলাদা ভাবে সফল হতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতিটি ভুলের জন্য ০.৫০ নম্বর অর্থাৎ ৪টি ভুলের জন্য ২ নম্বর খোয়াতে হবে। ৬০ মিনিটের পরীক্ষা, লিখনসহকারী নেওয়া দৃষ্টি প্রতিবন্ধীরা নির্দিষ্ট ২০ মিনিট সময় অতিরিক্ত পাবেন। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষাকেন্দ্র হবে আগরতলায়। কম্পিউটার ভিত্তিক অনলাইনে পরীক্ষার ফল বেরোলে সফল প্রার্থীরা তার দুয়েক মাসের মধ্যেই দ্বিতীয় পর্ব বা টাইপিং টেস্ট বা স্কিল টেস্টে ডাক পাবেন। দ্বিতীয় পর্বের পরীক্ষার সময়সূচি পরবর্তী সময়ে এঁদের ওয়েবসাইটে এবং সফল প্রার্থীদের ফোনে এবং মেইলে জানানো হবে। টাইপ টেস্টে কম্পিউটারে প্রতি মিনিটে অন্তত ৩০টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা দেখাতে হবে।

এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ২১৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ, এমটেক পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে পর্যন্ত বাড়ানো হয়েছে,
জুনে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা,
কেন্দ্র আগরতলা, নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এম.ও., আয়োর্বেদিক (বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১৯৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএএমএস পাশ,
বয়স ঃ ২১-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **চার্জম্যান (নেভি),**
শূন্যপদ ঃ ৩৭২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে,
পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ডেপুটি ম্যানেজার, অনুবাদক (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১২৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে,
ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট (ইন্ডিয়ান অয়েল),**
শূন্যপদ ঃ ৬৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংপাশ,
বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ মে,
লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, ম্যানেজার, জুনিয়র অফিসার (এয়ারপোর্ট অথরিটি),**
শূন্যপদ ঃ ৪৮০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ মে,
লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ডিআরডিও),**
শূন্যপদ ঃ ৭৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ মে,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **হোম সেলস অফিসার, ট্রেনি (প্রাইভেট সেক্টর, ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ৪৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রিপাশ,
বয়স ঃ ১৮-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
দরখাস্ত পাঠানো বা জমা করতে হবে না,
আগরতলায় নির্দিষ্ট স্থানে ৩০ মে, রিক্রুটমেন্ট ড্রাইভে সরাসরি ইন্টারভিউর মাধ্যমে নিয়োগ করা হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এম. ও, ইন্সপেক্টর (কেন্দ্রীয় মন্ত্রক),**
ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ,
শূন্যপদ ঃ ২৮৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, এমবিবিএস, পিজি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ জুন,
লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

আগরতলায় লিখিত পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের অধীনে ৩৩৯ চাকরি

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন পরীক্ষার মাধ্যমে ডিফেন্স সার্ভিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৩৪৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট, বিই, বিটেক পাশ, বয়স ঃ ২০-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ জুন, লিখিত পরীক্ষার তারিখ ৩ সেপ্টেম্বর, কেন্দ্র - আগরতলা। মোট কথা, প্রয়োজনীয় ট্রেনিং দিয়ে সেনা, নৌ ও বিমানবাহিনীর এক্সিকিউটিভ ব্রাঞ্চে চাকরির জন্য গ্র্যাজুয়েট পাশ ৩৪৯ জন তরুণ-তরুণী নেওয়া হবে। শূন্যপদের সংখ্যা আর্মি বা সেনাবাহিনীতে ১০০, নৌবাহিনীতে ৩২, বিমানবাহিনীতে ৩২, অফিসার্স ট্রেণিং একাডেমিতে পুরুষ - ১৬৯ এবং মহিলা - ১৬। প্রার্থিবাছাইয়ের জন্য একটি লিখিত পরীক্ষা (কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস এগজামিনেশন (টু),২০২৩) নেবেন ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পরীক্ষা নেওয়া হবে ৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে।

দরখাস্ত করতে হবে কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ৬ জুনের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ৬ জুন, সন্ধ্যা ৬টা পর্যন্ত। দরখাস্ত করার আগে নিজের একটি স্থায়ী ইমেল আইডি তৈরি রাখবেন, নামের বানান ও অন্যান্য তথ্যের দিক থেকে পূরণ নিখুঁত করার জন্য প্রাসঙ্গিক কাগজপত্রও হাতে কাছে নিয়ে বসবেন। দরখাস্তের নির্ধারিত ফি দিতে পারবেন চালান ডাউনলোড করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার বা স্টেট ব্যাঙ্কের কোনও অ্যাসেশিয়েট ব্যাঙ্কের শাখায় নগদে। অনলাইনেও স্টেট ব্যাঙ্কে টাকা দিতে পারেন, অথবা ভিসা/ মাস্টার ডেবিট / ক্রেডিট কার্ডের মাধ্যমে ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে দেওয়া যায়। বিস্তারিত নির্দেশ সাইটে পাবেন। তফশিলি প্রার্থী বা মহিলাদের পরীক্ষা ফি দিতে হবে না। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। দরখাস্ত করা হয়ে গেলে রেজিস্ট্রেশন নম্বর যত্ন করে টুকে রাখবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। ব্যাঙ্ক থেকে টাকা জমা পড়েছে বলে সমর্থিত হবে তবেই দরখাস্ত পাকাপাকিভাবে গ্রাহ্য হবে। তখন রেজিস্টার্ড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে রাখবেন। যাঁদের দরখাস্তের কনফার্মের দেখা যাবে না তাঁদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে দরখাস্তের শেষ তারিখের ২ সপ্তাহের মধ্যে এবং তাঁদের ইমেলে ব্যাক্তিগত ভাবেও জানিয়ে বলা হবে টাকা জমার প্রমাণ ১০ দিনের মধ্যে দাখিল করতে। দরখাস্তের সঙ্গে কোনও প্রমাণপত্রাদি দাখিল করতে হবে না সাক্ষাৎকারের সময় ওসব লাগবে। এই পরীক্ষার সিলেবাস ও আরও বিস্তারিত বিবরণের জন্য ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের ওয়েবসাইটে দেখতে পারেন। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, প্রিন্ট আউট বের করে রাখা ইত্যাদি সামগ্রিক বিষয়ের জন্য এবং লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই' বা 'হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বরে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নং ইউ পি এস সি ১১/২০২৩. সিডিএস - টু, প্রকাশের তারিখ ১৭-০৫-২০২৩। দরখাস্ত করতে কোনওরকম সমস্যা হলে কাজের দিনগুলিতে বেলা ১০টা থেকে ৫টার মধ্যে ফোন করতে পারেন ইউপিএসসির টোল ফ্রি নম্বরে।

শূন্যপদগুলি হলো ঃ—
ক্রমিক নং (১) ইন্ডিয়ান মিলিটারি একাডেমি ঃ শূন্যপদ ১০০টি। শিক্ষাগত যোগ্যতা - যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট। ক্রমিক নং (২) ইন্ডিয়ান ন্যাভাল একাডেমি ঃ শূন্যপদ ৩২টি। শিক্ষাগত যোগ্যতা - ইঞ্জিনিয়ারিং বিষয়ে গ্র্যাজুয়েট। ক্রমিক নং (৩) এয়ার ফোর্স ঃ শূন্যপদ ৩২টি। শিক্ষাগত যোগ্যতা - বিএসসি পাশ অথবা ইঞ্জিনিয়ারিং বিষয়ে গ্র্যাজুয়েট। ক্রমিক নং (৪) অফিসার্স ট্রেণিং একাডেমি (পুরুষ) ঃ শূন্যপদ ১৬৯টি। শিক্ষাগত যোগ্যতা - যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট। ক্রমিক নং (৫) অফিসার্স ট্রেণিং একাডেমি (মহিলা) ঃ শূন্যপদ ১৬টি, শিক্ষাগত যোগ্যতা - যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট। প্রতি ক্ষেত্রেই বয়স ঃ বয়স ঃ ০১-০৭-২০২৪ তারিখের হিসেবে ২০ থেকে ২৪ বছর। ইন্ডিয়ান মিলিটারি একাডেমি বা আইএমএ এবং ইন্ডিয়ান ন্যাভাল একাডেমি বা আইএনএ-র ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-৭-২০০৫ এর মধ্যে। এয়ারফোর্স একাডেমি বা এএফএ-র ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-৭-২০০৪ এর মধ্যে। ওবিসি, এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী বয়সের উর্ধ্বসীমায় যথারীতি ছাড় রয়েছে। বেতনক্রম ঃ পে ব্যান্ড লেভেল-১০ অনুযায়ী ৫৬,১০০ - ২,২৫,০০০ টাকা, সঙ্গে অন্যান্য ভাতাও রয়েছে। আরও বিস্তারিত অর্থাৎ র‍্যাঙ্ক অনুযায়ী বেতনক্রম দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা/ কম্পিউটার ভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউর মাধ্যমে। কললেটারের মধ্যে পরীক্ষার দিনক্ষণ এবং স্থান সমস্ত কিছুই উল্লেখ করা থাকবে। তবে পরীক্ষার তারিখ স্থির হয়েছে ৩ সেপ্টেম্বর। ত্রিপুরার প্রার্থীরা আগরতলা পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দিতে পারবেন, তবে এর জন্য আগে থেকে দরখাস্ত পূরণ করার সময় পছন্দের পরীক্ষা কেন্দ্রের কথা জানাতে হবে।

সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। * রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **স্পেশালিস্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২১৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক, এমসিএ, এমটেক পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে পর্যন্ত বাড়ানো হয়েছে, জুনে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র আগরতলা, নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য বিভাগে **এম.ও., আয়োর্বেদিক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৯৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএএমএস পাশ, বয়স ঃ ২১-৩৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইন্ডিয়ান নেভিতে **চার্জম্যান** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে, পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **ডেপুটি ম্যানেজার, অনুবাদক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৯ মে, ইন্টারভিউ/ পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইন্ডিয়ান অয়েলে **জুনিয়র ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ, বয়স ঃ ১৮-২৬ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ মে, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* এয়ারপোর্ট অথরিটিতে **অ্যাসিস্ট্যান্ট, ম্যানেজার, জুনিয়র অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৮০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ মে, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ডিআরডিও-তে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৭৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩০ মে, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় প্রাইভেট সেক্টরে **হোম সেলস অফিসার, ট্রেনি ইত্যাদি** পদে নিয়োগের জন্য রিক্রুটমেন্ট ড্রাইভ অনুষ্ঠিত হচ্ছে। শূন্যপদ ঃ ৪৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), দরখাস্ত পাঠানো বা জমা করতে হবে না, আগরতলায় নির্দিষ্ট স্থানে ৩০ মে, রিক্রুটমেন্ট ড্রাইভে সরাসরি ইন্টারভিউর মাধ্যমে নিয়োগ করা হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **এম. ও, ইন্সপেক্টর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। ইউপিএসসি পরীক্ষার মাধ্যমে নিয়োগ, শূন্যপদ ঃ ২৮৫টি, শিক্ষাগত যোগ্যতা

নতুন সংসদ ভবন উদ্বোধন রাষ্ট্রপতির হাত ধরে চাই, জনস্বার্থ আবেদনের আর্জি খারিজ সুপ্রিম কোর্টে

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.) : রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে দিয়ে সংসদের নতুন ভবন উদ্বোধন করানোর জনস্বার্থ আবেদনটি খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। বিচারপতি জেকে মাহেশ্বরী এবং পিএস নরসিমাকে নিয়ে গঠিত শীর্ষ আদালতের অবসরকালীন বেঞ্চ আবেদনটি শুনলেনই না। বিচারপতি নরসিমা আবেদনকারীকে শুক্রবার জানিয়ে দেন, আমরা বুঝতে পারছি না আপনি কেন এ ধরনের আবেদন নিয়ে এসেছেন? সংবিধানের ৩২ ধারা অনুযায়ী আমরা এই আর্জি শুনতে আগ্রহী নই।

বৃহস্পতিবার নতুন সংসদ ভবন উদ্বোধনের বিতর্কের জল গড়ায় সুপ্রিম কোর্টে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু যাতে নতুন সংসদ ভবন উদ্বোধন করেন, সে বিষয়ে লোকসভার সচিবালয়কে নির্দেশ দেওয়ার আবেদন জানানো হয়েছে। আইনজীবী সিআর জয়া সুকিন আবেদনে বলেন, গত ১৮ মে লোকসভার সচিবালয়ের পক্ষ থেকে জারি করা বিবৃতি এবং নতুন সংসদ ভবনের উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে লোকসভার সাধারণ সচিবের আমন্ত্রিতদের তালিকা সংবিধান অমান্যকারী। রাষ্ট্রপতি হলেন দেশের প্রথম নাগরিক। সংসদের প্রধান। দেশের সব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ভারতের রাষ্ট্রপতির নামে নেওয়া হয়। সংসদের দুই কক্ষ এবং ভারতের রাষ্ট্রপতি হলেন আইনসভার শীর্ষ ক্ষমতার অধিকারী। রাষ্ট্রপতির হাতেই সংসদ ডাকা ও মুলতুবির ভার দিয়েছে সংবিধান। সংবিধানের ৭৯ নম্বর ধারা উল্লেখ করে আবেদনে আরও দাবি করা হয়েছে, রাষ্ট্রপতি সংসদের অবিচ্ছেদ্য অংশ। সেহেতু উদ্বোধন অনুষ্ঠান থেকে তাঁকে দূরে সরিয়ে রাখা যায় না। আবেদনকারীর মতে, এটা লোকসভার সচিবালয়ের অসদাচরণের লক্ষণ। সে কারণে সর্বোচ্চ আদালতের কাছে রাষ্ট্রপতিকে দিয়ে নতুন ভবনের উদ্বোধন করানোর নির্দেশ জারির আর্জি জানানো হয়েছে।

উল্লেখ্য, আগামী ২৮ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নতুন সংসদ ভবন উদ্বোধন করার কথা। যা নিয়ে বেশ কয়েকদিন ধরেই বিতর্কের জলঘোলা হচ্ছে রাজধানীর রাজনৈতিক মহলে। ২০টি বিরোধী দল ইতিমধ্যেই উদ্বোধন অনুষ্ঠান বয়কট করার জানিয়ে দিয়েছে।

তামিলনাড়ুতে মন্ত্রী ঘনিষ্ঠদের বাড়ি ও অফিসে আয়কর হানা

চেন্নাই, ২৬ মে (হি.স.): তামিলনাড়ু বিজেপির সভাপতি কে আন্নামালাই অভিযোগ করেছিলেন, রাজ্য সরকারের মন্ত্রী সেন্থিল বালাজি বড় দুর্নীতির সঙ্গে জড়িত। তামিলনাড়ুর সেই মন্ত্রী সেন্থলি বালাজি ঘনিষ্ঠ সরকারি ঠিকাদারের বাড়ি ও অফিসে হানা দিল আয়কর দফতর। তামিলনাড়ুর চেন্নাই, কারুর-সহ মোট ৪০টিরও বেশি ঠিকানায় চলছে আয়কর হানা।

আয়কর কর্তৃপক্ষ শুক্রবার সকাল থেকে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী ভি সেন্থিল বালাজির ঘনিষ্ঠ তামিলনাড়ুর বিভিন্ন স্থানে সমন্বিত অনুসন্ধান শুরু করেছে। পুলিশ সূত্র জানিয়েছে, চেন্নাই, কারুর এবং কোয়েম্বাটোর-সহ বিভিন্ন স্থানে তল্লাশি চালানো হচ্ছে, মন্ত্রীর ঘনিষ্ঠ ব্যক্তিদের ঠিকানায়।

এবার ওডিশায় মেট্রো রেলের কাজ শুরু, ভুবনেশ্বর থেকে সুড়ঙ্গ পথে জগন্নাথ ধাম পুরী!

ভুবনেশ্বর, ২৬ মে (হি.স.): দেশের আরও একটি রাজ্যে মেট্রো রেল পরিষেবা চালুর প্রস্তুতি শুরু হতে চলেছে। নবীন পট্টনায়েকের রাজ্যের রাজধানী ভুবনেশ্বরের সঙ্গে কটক, পুরী, খুরদারকে জুড়তে চলেছে মেট্রো রেল। চলতি বছরের শেষে জগন্নাথ দেবের পবিত্র ভূমিতেশুরু হবে মেট্রো রেল প্রকল্প শুরুর কাজ। এমনটাই জানালেন রাজ্যের মন্ত্রী ঊষা দেবী।

দিল্লি মেট্রো রেল কর্তৃপক্ষের সাজেশানের ভিত্তিতে ওডিশায় মেট্রোর কাজ শুরু হবে বলে নবীন পট্টনায়াকের সরকার জানিয়েছে। প্রথম পর্যায়ে ভুবনেশ্বর আন্তর্জাতিক বিমানবন্দর কটকের কাছে ত্রিশুইলাতে শুরু হবে মেট্রো রেল প্রকল্পের কাজ। নন্দনকানন, পাটিয়া, বানি বিহার, রেলস্টেশন ছুঁয়ে যাবে এই মেট্রো রেল। এরপর মেট্রো রেল প্রকল্প সম্প্রসারিত হবে খুরদা এবং পুরীতে।

সপ্তাহান্তে ফের চড়বে পারদ

কলকাতা, ২৬ মে (হি.স.): স্বস্তির আবহাওয়া আর বেশি সময়ের জন্য নয়, সপ্তাহান্তে ফের পারদ চড়বে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। শনিবারের পর থেকে কলকাতা-সহ দক্ষিণবঙ্গে আবার তাপমাত্রা বৃদ্ধি পাবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। ভরা জ্যৈষ্ঠে ঘর্মাক্ত গরমে আবারও নাজেহাল হবে কলকাতা, দাবদাহে জ্বলবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাও।

শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রি কম। বৃহস্পতিবার রাতের বৃষ্টির সৌজন্যে শুক্রবার অনেকটাই নেমেছে তাপমাত্রা। তবে, আবহবিদরা জানিয়েছেন, শনিবারের পর থেকে দক্ষিণবঙ্গে আবার তাপমাত্রা বৃদ্ধি পাবে। রবিবার পারদ বেশ কিছুটা চড়তে পারে। আগামী ৪৮ ঘন্টার মধ্যে ফের গরম গ্রাস করতে পারে দক্ষিণবঙ্গকে। তৈরি হতে দাবদাহের মতো পরিস্থিতি। তার আগে শুক্রবার সকালেও চড়া রোদ ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলিতে। সকাল থেকেই গরম বেশ ভালোই টের পাওয়া গিয়েছে।

প্রতিযোগিতামূলক শিল্পে গুণমানের সঙ্গে আপস করা যাবে না : মনসুখ মান্ডভিয়া

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.): কেন্দ্রীয় রাসায়নিক ও সার মন্ত্রী মনসুখ মান্ডভিয়া ফার্মা এবং মেডিকেল ডিভাইস শিল্পপ্রতিষ্ঠানগুলিকে সাশ্রয়ী মূল্যের এবং গুণমানসম্পন্ন পণ্য তৈরির দিকে মনোনিবেশ করতে আহ্বান জানিয়েছেন। শুক্রবার নতুন দিল্লিতে ফার্মা এবং মেডিকেল ডিভাইস সেক্টরের আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করে, তিনি বলেছেন, এই প্রতিযোগিতামূলক শিল্পে গুণমানের সঙ্গে আপস করা যাবে না এবং সরকার তা নিশ্চিত করার জন্য ব্যবস্থা নিচ্ছে।

তিনি দেশের শ্রেষ্ঠ ওষুধ ও চিকিৎসা যন্ত্রের উৎপাদন নিশ্চিত করতে যৌথ প্রচেষ্টার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি জানিয়েছেন, সরকার শিল্পকে উত্তাহিত করতে মৌলিক রাসায়নিকের জন্য উত্তাদন-সংযুক্ত প্রণোদনা প্রকল্প আনতে চলেছে। মনসুখ মান্ডভিয়া জোর দিয়ে বলেছেন, নরেন্দ্র মোদী সরকার গরিব ও কৃষকদের স্বার্থে, তাই এই শিল্পের বিকাশও চায়।

অভিষেককে সিবিআই জেরায় হস্তক্ষেপ করল না সুপ্রিম কোর্ট

কলকাতা, ২৬ মে (হি. স.) : কুন্তল ঘোষের চিঠি সংক্রান্ত অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলায় এখনই হস্তক্ষেপ করতে চাইল না সুপ্রিম কোর্ট। ১০ জুলাই এই মামলার পরবর্তী শুনানি। তবে ২৫ লক্ষ টাকা জরিমানায় স্থগিতাদেশ দেওয়া হয়েছে।

এই মামলায় আগেই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। কিন্তু তাঁর দ্রুত শুনানির আর্জি মঞ্জুর করা হয়নি। শীর্ষ আদালত শুক্রবার এই মামলার জন্য সময় দিয়েছিল।

শনিবার অভিষেককে জিজ্ঞাসাবাদ করেছিল সিবিআই। সেই বিষয়ে সোমবার শীর্ষ আদালতের দৃষ্টি আকর্ষণ করেন অভিষেকের আইনজীবী অভিষেক মনু সিঙ্ঘভি। এই মামলার দ্রুত শুনানির আর্জিও জানানো হয়। সুপ্রিম কোর্টে বিচারপতি অনিরুদ্ধ বসু এবং সঞ্জয় কারোলের অবকাশকালীন বেঞ্চে আর্জি জানান অভিষেক। "পরের বার অভিষেক বন্দ্যোপাধ্যায়কে গ্রেফতার করা হবে" বলে শীর্ষ আদালতে আশঙ্কা প্রকাশ করেন মনু সিঙ্ঘভি। কিন্তু দ্রুত শুনানির আর্জি মঞ্জুর করা হয়নি।

প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতিকাণ্ডে ধৃত তৃণমূলের বহিষ্কৃত যুবনেতা কুন্তল অভিযোগ করেছিলেন, দুই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি এবং সিবিআই তাঁকে অভিষেকের নাম বলার জন্য চাপ দিচ্ছেন। অভিযোগ জানিয়ে নিম্ন আদালতে চিঠিও দেন কুন্তল। তার পর পুলিশি হস্তক্ষেপ চেয়ে সেই চিঠি যায় হেস্টিংস থানায়। এই মামলায় কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের পর্যবেক্ষণ ছিল, কেন্দ্রীয় সংস্থা চাইলে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদককে জিজ্ঞাসাবাদ করতে পারবে। হাই কোর্টের নির্দেশের বিরুদ্ধে সরাসরি সুপ্রিম কোর্টে গিয়েছিলেন অভিষেক। তার পর সুপ্রিম কোর্ট মামলার বেঞ্চ বদলে দেয়। শুনানি হয় বিচারপতি অমৃতা সিনার এজলাসে।

দ্য ডায়েরি অফ ওয়েস্ট বেঙ্গল-এর পরিচালককে পুলিশের নোটিশ



কলকাতা, ২৬ মে (হি. স.) : "দ্য কাশ্মীর ফাইলস", "দ্য কেরালা স্টোরি"র পর নয়া বিতর্কের নাম "দ্য ডায়েরি অফ ওয়েস্ট বেঙ্গল"। পশ্চিমবঙ্গের ভাবমূর্তিকে কলুষিত করার চেষ্টা হয়েছে, এই অভিযোগে কলকাতা পুলিশ নোটিশ জারি করেছে ছবির পরিচালক সনোজ মিশ্রার বিরুদ্ধে। ভারতীয় দণ্ডবিধির ৪১ (ক) ধারায় পরিচালককে নোটিশ পাঠানো হয়েছে বলে খবর । আগামী মঙ্গলবার আর্মহার্স স্ট্রিট থানায় পরিচালককে হাজির হতে বলা হয়েছে। শুক্রবার এই তথ্য সামনে এসেছে।

ট্রেলারের শুরুতেই বলা হয়েছে, 'এই ছবি বা ট্রেলারে দেখানো সমস্ত বিষয় সত্য ঘটনা অবলম্বনে তৈরি হয়েছে। কোনও জাতি-ধর্মের ভাবাবেগে আঘাত করার উদ্দেশ্যে এই ছবি তৈরি নয়। ছবির তৈরির মূল উদ্দেশ্য সাধারণ মানুষকে সচেতন করা । কোনও ব্যক্তি বিশেষের ভাবাবেগেও আঘাত করা উদ্দেশ্য নয় এই ছবির।'

ট্রেলারটি সামাজিক মাধ্যমে আসতেই প্রায় আড়াই লাখ দর্শক দেখে ফেলেছেন এটি। ট্রেলারে বলা হয়েছে, স্বাধীনতা লাভের আগেও ভারতের গর্ব ছিল কলকাতা তথা বাংলা। সেখানে নানান ঋষি, মণীষি জন্মগ্রহণ করেছেন। স্বাধীনতার জন্য প্রাণ দিয়েছেন। কিন্তু বর্তমানে সেই বাংলা জ্বলছে। ভোটের রাজনীতিতে সংখ্যালঘু সম্প্রদায়কে প্রাধান্য দেওয়া হয়েছে। বাংলা এখন হয়ে উঠেছে দ্বিতীয় কাশ্মীর। বলা ভাল কাশ্মীরের থেকেও খারাপ পরিস্থিতি বাংলার। ট্রেলারে উঠে এসেছে রোহিঙ্গা ইস্যু, এনআরসি-র মতো বিতর্কিত বিষয়ও। প্রসঙ্গত, ছবির ট্রেলারে একদিকে যেমন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চরিত্রকে ফুটিয়ে তোলা হয়েছে অন্যদিকে হিন্দুত্ববাদকেও তুলে ধরা হয়েছে । গত ৮ এপ্রিল এই ছবির ট্রেলার সামনে আসে । জিতেন্দ্র নারায়ণ সিং ত্যাগি প্রযোজিত এই ছবি ঘিরে এবার তৎপর হল লালবাজার। কিছুদিন আগেই 'দ্য কেরালা স্টোরি' নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছিল। "আইনশৃঙ্খলা রক্ষার প্রশ্নে" ছবিটির প্রদর্শন বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় পশ্চিমবঙ্গ সরকার। পরে নির্মাতারা সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন। সর্বোচ্চ আদালত পশ্চিমবঙ্গেও ছবিটি দেখানোর অনুমতি দেয় । এবার "দ্য ডায়েরি অফ ওয়েস্ট বেঙ্গল" ঘিরে শুরু হল নয়া বিতর্ক।

সক্রিয় রোগী কমে ৫,৭০৭, ভারতে করোনায় মৃত্যু দু'জনের

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের কিছুটা কমল, সুস্থতার সংখ্যা দ্রুততার সঙ্গে বাড়ছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৪৯০ জন, এই সময়ে দু'জনের মৃত্যু হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ৫,৭০৭-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। দু'জনের মৃত্যুর পর শুক্রবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৮৫৬ জনের (১.১৮ শতাংশ)।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৫১, ৩৫৩ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০১,৩৮০ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,০৪,২৫২ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৫ মে সারা দিনে ভারতে ১, ২৪,৭৫৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

নতুন সংসদ ভবন গণতন্ত্রের প্রতীক ও সমস্ত ভারতীয়দের আকাঙ্ক্ষা : রাজনাথ সিং



নয়াদিল্লি, ২৬ মে (হি.স.): নতুন সংসদ ভবনের উদ্বোধনকে নিয়ে রাজনীতি করা উচিত নয়। এই মন্তব্য করলেন বিজেপি নেতা ও প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তাঁর মতে, নতুন সংসদ ভবন গণতন্ত্রের প্রতীক ও সমস্ত ভারতীয়দের আকাঙ্ক্ষা। আগামী ২৮ মে, রবিবার নতুন সংসদ ভবন দেশকে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু, উদ্বোধনী অনুষ্ঠান বয়কট করার সিদ্ধান্ত নিয়েছে ১৯টি বিরোধী রাজনৈতিক দল। বিরোধীরা চাইছে, রাষ্ট্রপতির হাতে উদ্বোধন হোক নতুন সংসদ ভবন। এরই প্রেক্ষিতে শুক্রবার বিজেপি নেতা ও প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, 'আগামী ২৮ মে সংসদের নতুন ভবন উদ্বোধন হতে চলেছে। এটা নিয়ে কারও রাজনীতি করা উচিত নয়, নতুন সংসদ ভবন গণতন্ত্রের প্রতীক এবং সমস্ত ভারতীয়দের আকাঙ্খা। সংসদের উদ্বোধন বয়কট করার সিদ্ধান্ত নিয়েছে এমন সব দলের কাছে আমার আবেদন, নিজেদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন।'

সাফল্যের আরও এক মাইলফলকে নৌ-সেনা

নয়াদিল্লি, ২৬ মে (হি.স.): ভারতের প্রথম দেশে তৈরি বিমানবাহী রণতরী আইএনএস বিক্রান্ত-এর ডেকে রাতে মিগ ২৯ কে যুদ্ধবিমান অবতরণ করিয়ে সাফল্যের আরও এক মাইলফলক স্পর্শ করেছে ভারতীয় নৌ-সেনা। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই সাফল্যের জন্য নৌ-বাহিনীকে অভিনন্দন জানিয়েছেন। আত্মনির্ভর ভারতের পথে এটি নৌ-বাহিনীর এক বড় সাফল্য বলে মনে করা হচ্ছে। ২০২২-এর দোসরা সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ভারতীয় নৌ-বাহিনীর অন্তর্ভুক্ত হয় আইএনএস বিক্রান্ত। যত দ্রুত সম্ভব এই রণতরীকে যুদ্ধের জন্য প্রস্তুত করে তুলতে বর্তমানে এতে বিমানের পরীক্ষামূলক অবতরণ প্রক্রিয়া চলেছে। ভারতের নৌসেনার ইতিহাসে ২৫ মে ২০২৩ দিন স্বর্ণাক্ষরে লেখা থাকবে। এমনটাই মনে করছেন নৌসেনা বহু প্রাক্তন আধিকারিক। কারণ, ওই দিন রাতেই প্রথম ভারতীয় নেভির অত্যাধুনিক বিমানবহকারী আইএনএস বিক্রান্তে ল্যান্ড করল যুদ্ধবিমান মিগ-২৯ কে।

যা ভারতকে প্রতিরক্ষা ক্ষেত্রকে কয়েকগুণ এগিয়ে দিল বলে মনে করছেন প্রতিরক্ষা ও সামরিক বিশেষজ্ঞরা।

ঐতিহাসিক নজির তৈরির এই প্রচেষ্টা সফল হওয়ার পর ভারতীয় নৌসেনার পক্ষ থেকে জানানো হয়েছে, মাত্র তিন মাসের মধ্যে রাতের অন্ধকারে যুদ্ধবিমান নামানোর এই ধরনের প্রচেষ্টা সফল হওয়ার পিছনে ভারতীয় সেনা, বিক্রান্তের কর্মীরা ও নাভাল পাইলটদের দক্ষতা, পেশাগত দায়বদ্ধতা ও অক্লান্ত পরিশ্রমই আসল কারণ।

উত্তরপ্রদেশ: নয়ডায় বাস-ট্রাকের সংঘর্ষে ২৮ জন আহত, এক শিশুর মৃত্যু

গৌতম বুদ্ধ নগর (উত্তর প্রদেশ), ২৬ মে (হি.স.) : উত্তর প্রদেশের নয়ডায় একটি বাস এবং একটি ট্রাকের সংঘর্ষে এক শিশুর মৃত্যু হয়েছে। দুর্ঘটনায় ২৮ জন আহত হয়েছেন বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। ঘটনাটি ঘটেছে কাসনা থানার অন্তর্গত লাদপুরা গ্রামের কাছে ইস্টার্ন পেরিফেরাল এক্সপ্রেসওয়েতে।

পুলিশ জানিয়েছে, মৃত ব্যক্তির নাম আশিস (১১) এবং তার দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। আহত সকলকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে এবং তদন্ত শুরু করেছে পুলিশ।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন এবং মৃত ও তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

তিনি ক্ষতিগ্রস্তদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে জেলা প্রশাসনের কর্তাদের নির্দেশ দিয়েছেন এবং তাদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

নিজের সন্তানকে

● প্রথম পাতার পর

দেবিকা চক্রবর্তী। উল্লেখ্য জীবন দাস বাড়ি সাব্রুম মহকুমার শ্রীনগর এলাকায়। পেশায় একজন গাড়ি চালক। দেবিকার সাথে বিয়ের কয়েক বছর মাথায় পর পর চার সন্তানের জননী হয়ে উঠে দেবিকা। চতুর্থ সন্তানের বয়স দুই বছর, এরই মধ্যে দেবিকা পঞ্চম বারের মত গর্ভবতী হওয়ায় লোকলজ্জার ভয়ে বাড়ি থেকে বের হতেন না এবং লুকিয়ে নিজ বাড়িতে শিশু কন্যা সন্তান ভূমিষ্ঠ হয়। জন্মের পর শিশুকন্যা যখন অসুস্থ হয়ে পড়েন বাধ্য হয়ে নিয়ে যান শ্রীনগর হাসপাতালে। জন্মদাত্রী মা হয়েও চিকিৎসককে জানায় সে কন্যা সন্তানটিকে কুড়িয়ে পেয়েছে। এই কথা শুনে চিকিৎসক হতবাক হয়ে যায়। সাথে সাথে চিকিৎসক খবর দেন দক্ষিণ জেলা শিশু কল্যাণ কমিটির চেয়ারম্যানকে। খবর পেয়ে শিশু কল্যাণ কমিটির চেয়ারম্যান সহ বিলোনিয়া চাইল্ড লাইনের কর্মীরা হাসপাতালে ছুটে গিয়ে শিশুটিকে উদ্ধার করে হোমে পাঠিয়ে দেয়। পরবর্তী সময় মায়ের মন কেঁদে ওঠায় ওকে নিজ সন্তান বলে দাবি জানায় দেবিকা, শিশু কল্যাণ সমিতি সম্পূর্ণ তদন্ত শেষে হোম থেকে আইনী প্রক্রিয়া সম্পন্ন করে নিয়ে এসে শিশু কন্যা দেবাংশিকে আজ তুলে দেওয়া হয় জন্মদাত্রী মায়ের কোলে। লোকো লজ্জার ভয়, অভাব অনটনের টানাপোড়নে পড়ে নিজ সন্তানকে অস্বীকার করার করুণ কাহিনী প্রত্যক্ষ করে হতবাগ হয়ে যায় উপস্থিত সকলে। শিশুর মায়ের কোল হোক নিরাপদ এই প্রত্যাশায় সকলে দেবাংশীকে আশীর্বাদ জানিয়েছেন।

আত্মহত্যা

● প্রথম পাতার পর

বলে অভিযোগ পরিবারের লোকজনদের। এই অপমান সহ্য না করতে পেরে ঋনের দায়ে সুব্রত দে আত্মহত্যার পথ বেছে নিয়েছে বলে অভিমত পরিবারের লোকজনদের। অপরদিকে এই আত্মহত্যার বিষয়ে শান্তির বাজার থানার এস আই সুজিত সরকার জানান প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারনা করা হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্টে উঠে আসবে মৃত্যুর আসল রহস্য। মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের লোকজের হাতে তুলে দেওয়াহবে। সুব্রত দের অস্বাভাবিক মৃত্যুতে সমগ্র এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কল্যাণপুরে

● আটের পাতার পর

দাস চৌধুরী জানান একদিকে সংগঠনকে আরও মজবুত করা যেমন রয়েছে তেমনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয় বছরের শাসনকালে যে যে উন্নয়নমূলক প্রকল্প তিনি করেছেন সেগুলোও সাধারণ মানুষের কাছে নিয়ে যাওয়া হবে। মানুষের আরও সর্মথন আদায় করে মন্ডলকে আরও বেশী শক্তিশালী করা হবে। কল্যাণপুর মন্ডল সভাপতি জানান মূলত ৩০ মে থেকে ৩০ জুন পর্যন্ত এই একমাস ব্যাপি সময়ে মানুষের বাড়ি বাড়ি জনসংযোগ করে মানুষ কে বুঝানো হবে বিজেপি মানেই উন্নয়ন এবং সবার সাথে সবার বিকাশ। শুক্রবারের এই বৈঠকে কল্যাণপুরের ৫৬ টি বুথ থেকে কর্মকর্তারা অংশ নেন। বুথ স্বশক্তিকরণের অঙ্গ হিসাবে ইতোমধ্যেই ৫৬ টি বুথের মধ্যে ১৩ টি বুথের বুথ সভাপতি বদল করা হয়েছে।

সিন্ধিয়া

● আটের পাতার পর

পদক্ষেপ নেওয়া হবে। শুধু তাই নয়, আমরা এখন ৫৯টি নতুন রুট ঘোষণা করেছি এবং ভবিষ্যতে ১২২টি নতুন রুট ঘোষণা করা হবে। কানপুরকে পান্তনগর, আলিগড়, মোরাদাবাদ এবং শ্রাবস্তীর সঙ্গে সংযুক্ত করার জন্য আমাদের নজর রয়েছে।জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন, আজ কানপুরের মানুষের চোখে একটি নতুন দীপ্তি দেখা যাচ্ছে। এই উজ্জ্বলতার পিছনে দুটি কারণ রয়েছে। প্রথমত, সাম্প্রতিক পৌরসভা নির্বাচনে উত্তরপ্রদেশের ডাবল ইঞ্জিন সরকার এখন ট্রিপল ইঞ্জিন সরকারে রূপান্তরিত হয়েছে। দ্বিতীয় কারণ, কানপুরের বহু প্রতীক্ষিত বিমানবন্দরের সম্প্রসারণ এবং আধুনিকীকরণের দাবি পূরণ করে, নতুন বিমানবন্দর টার্মিনাল আজ জনসাধারণের জন্য উৎসর্গ করা হচ্ছে।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

থানায় রুপান্তরিত

● প্রথম পাতার পর

থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো উত্তর চাম্পামুড়া (পূর্ব আগরতলা থানা), খয়েরপুর (পার্ট পূর্ব আগরতলা থানা) ও বৃদ্ধিনগর (পার্ট) (রাণীরবাজার থানা)। এই থানার সীমানা হলো উত্তর দিকে দেবতাছড়া (পূর্ব থানা এবং বিজেএন বাউণ্ডারি লাইন) দক্ষিণ দিকে আগরতলা পুরনিগম এলাকার আড়ালিয়া সীমানার বাইপাস ক্রসিং থেকে বনস্পতি রেল বিজ, পূর্ব দিকে বোধাইসাহা হাইস্কুল ও পশ্চিম দিকে আসাম আগরতলা রোড, কাশীপুর, মরিয়মনগর রাস্তা।

বাগবাসা থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো বাগবাসা (পশ্চিম), বাগবাসা (পূর্ব), উত্তর গঙ্গানগর ও দক্ষিণ গঙ্গানগর। এই থানার সীমানা হলো উত্তর দিকে সিআরবি থানার অন্তর্গত শনিছড়া, দক্ষিণ দিকে পিএনএস থানার অন্তর্গত পদ্মবিল জিপি, পূর্বদিকে পিএফ আসাম ও পশ্চিম দিকে ডিএমএন থানার অন্তর্গত কামেশ্বর। চম্পকনগর থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো পূর্ব দেবেন্দ্রনগর জিপি, মধ্য দেবেন্দ্রনগর জিপি, চম্পকনগর ভিসি, পশ্চিম দেবেন্দ্রনগর ভিসি, পূর্ব বেলবাড়ি ভিসি, রাসা দশরথনগর ভিসি, শান্তিনগর ভিসি, বিক্রম মলসম ভিসি, বিগদাস ভিসি, খামতিংবাড়ি ভিসি ও চাম্পাবাড়ি ভিসি।

এই থানার সীমানা হলো উত্তর দিকে কল্যাণ বিগুদাস-দুমতি লোহার বিজ পর্যন্ত-ওয়াকতুকু পূর্ব দিক থেকে মানিকোয়াং। পূর্ব দিকে প্রায় ১৭ কিলোমিটার (মান্দাই থানার সীমানা)। দক্ষিণ দিকে পূর্ব শান্তিনগর, ১৮ কার্ড থেকে পূর্ব বেলবাড়ি প্রায় ১৩ কিলোমিটার (রাধাপুর ও জম্পইজলা থানার সীমানা)। বিক্রম মলসম পাড়া থেকে প্রায় ৮ কিলোমিটার (রাধাপুর থানা ও জম্পইজলা থানার সীমানা)। পূর্ব দিকে আথুকতাং গ্রাম থেকে খামতিংবাড়ি (এন এইচ ০৮-এর উত্তর দিক)। সালকা চৌমুহনি থেকে নরেংবাড়ি (তৈদু রাস্তার নারেং চৌমুহনির পশ্চিম দিক) - প্রায় ১৮ কিলোমিটার (খোয়াই জেলার তেলিয়ামুড়া থানা ও সিপাহীজলা জেলার খোয়াই থানার সীমানা) - বর্ডার - চাম্পাবাড়ি। পশ্চিম দিকে কলাবাগান (বাজারের আগে থেকে দুর্গা বিক ফ্যাক্টরি পর্যন্ত) - কামারবাড়ি পূর্ব দেবেন্দ্রনগর - প্রায় ৭ কিলোমিটার (জিরানীয়া থানার সীমানা)।

কলেজটিলা থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো বিদ্যাসাগর, বনকুমারী, মহাশক্তি, আড়ালিয়া, পশ্চিম চাম্পামুড়া, সুকান্ত পল্লী, আদর্শ কলোনী, কাটাশেঁওলা ও রেন্টার্স কলোনী। এই থানার সীমানা হলো উত্তরে আড়ালিয়া পঞ্চবটী বিজ থেকে আড়ালিয়া লোকনাথ মন্দির এবং মুসলিম পাড়া হয়ে এমবিবি কলেজটিলা লেইক ভিউ রাস্তার ডান দিক। দক্ষিণ দিকে নাথপাড়া, বিদ্যাসাগর, শ্রীনগর পুলিশ স্টেশনের সীমানা ও প্রতাপগড় (আংশিক)। পূর্ব দিকে পূর্ব আড়ালিয়া, পশ্চিম চাম্পামুড়া (খয়েরপুর আউট পোস্টের সীমানা), আড়ালিয়া আদর্শ কলোনী, যোগেন্দ্রনগর রেলবিজ ও রেল স্টেশন এবং রেন্টার্স এলাকা। পশ্চিম দিকের সীমানা হলো এমবিবি এবং বিবিএমসি কলেজ এলাকা, বিদ্যাসাগর, কাটাশেঁওলা ও বিদ্যাসাগর।

জিবি পুলিশ স্টেশনের অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো হরিজন কলোনী, জ্যোতির্ময় কলোনী, ৭৯টিলা, শারদা পল্লী, কুমারীটিলা, উত্তর জগৎপুর, পূর্ব চানমারি, পশ্চিম চানমারি, ইন্দ্রনগর, এসডি চৌমুহনি, নোয়াগাঁও কমলাকান্ত পাড়া, নোয়াগাঁও ক'ষ্ণনগর, নয়নীয়ামুড়া, লা-চৌমুহনির পশ্চিম দিক, নন্দননগর, পালপাড়া ও মারাক পাড়া। এই থানার সীমানা হলো দক্ষিণ দিকে এনসিসি পুলিশ থানা এবং পূর্ব আগরতলা থানার সীমানা। পশ্চিম দিকে এনসিসি থানার সীমানা। উত্তর দিকে এলফজি থানা এবং বিজেএন থানার সীমানা। পূর্ব দিকে পূর্ব আগরতলা থানা ও বিজেএন থানার সীমানা।

রামনগর থানার অন্তর্গত রাজস্ব ভিলেজগুলি হলো আগরতলা শিট নং ১ (রাতিনগর, রামনগর রোড নং ১০, ১১ এবং ১২), আগরতলা শিট নং ২ (রামনগর রোড নং ৭, ৮ ও ৯), আগরতলা শিট নং ৩ (রামনগর রোড নং ৫ ও ৬), আগরতলা শিট নং ৪ (রামনগর রোড নং ১, ২, ৩ ও ৪), আগরতলা শিট নং ৯ (দুর্গাচৌমুহনি থেকে অ্যালবার্ট ক্লাবের ডানদিক), অ্যালবার্ট ক্লাব থেকে এমএলএ হোস্টেল থেকে মেহের কালীবাড়ি, বড়জলা (আংশিক) ও লঙ্কামুড়া আংশিক। এই থানার সীমানা হলো পূর্বদিকে পশ্চিম থানা ও এনসিসি থানার সীমানা, উত্তর দিকে ভাটি অভয়নগর, অ্যালবার্ট ক্লাব থেকে প'বটি (রাস্তার বা দিক), প'বটি থেকে ভারতরত্ন সংঘ (রাস্তার বা দিক), ভারত বাংলাদেশ সীমান্ত পর্যন্ত লংকামুড়া, বড়জলা, শানমুড়া, মধ্যভুবনবন, পশ্চিম ভুবনবন, কালিকাপুর এলাকার সহ। পশ্চিম দিকে পশ্চিম আগরতলা থানা ও বিটিএল টিওপি-এর সীমানা, বর্ডার গোলচক্কর থেকে কেরচৌমুহনি (রাস্তার বা দিক)। দক্ষিণ দিকে রামনগর ২ নং থেকে দুর্গা চৌমুহনি, মেহের কালীবাড়ি থেকে ক্যান্টনমেন্ট রাস্তা (পশ্চিম থানার সীমানা)।

ধর্না মথার

● প্রথম পাতার পর

দিয়ে একটি লিখিত স্মারকলিপি জমা দেওয়ার জন্য রাজভবনে রাজ্যপালের সাথে দেখা করতে চেয়েছিলেন। কিন্তু, অসুস্থতার কারণে রাজ্যপাল ওই প্রতিনিধি দলের সাথে দেখা করতে অস্বীকার করেন।

এর ফলে, তিপরা মথার বিধায়কগণ এবং জেলা পরিষদের সদস্যরা রাজ্যপালের পদক্ষেপে তাঁদের অসন্তোষ প্রকাশে রাজভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। ফিরে যাওয়ার আগে তাঁরা রাজ্যপালের কার্যালয়ে স্মারকলিপি জমা দিয়েছেন।

এদিন শ্রী দেববর্মণ অভিযোগ করেন, রাজ্যপালের খারাপ স্বাস্থ্য সম্পর্কে আমাদের অবহিত করা হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে, তিনি কলকাতা বা দিল্লি থেকে আগতদের সাথে দেখা করেন। কিন্তু টিটিএএডিসি-এর নির্বাচিত প্রতিনিধিদের সাথে দেখা করতে রাজি নন। এটি চরম বৈষম্যমূলক আচরণ, ক্ষোভের সুরে বলেন তিনি।

এদিন স্মারকলিপিতে রাজ্যপালের অনুমোদনের জন্য ঝুলে থাকা টিটিএএডিসির বিলগুলি এবং ত্রিপুরা সরকার কর্তৃক বরাদ্দকৃত তহবিল হ্রাসের প্রসঙ্গ তুলে ধরা হয়েছে। স্মারকলিপি অনুসারে, ২০২২-২৩ অর্থবছরে

টিটিএএডিসি-এর মোট বাজেটের পরিমাণ ছিল ৬১৯.২৮ কোটি টাকা। যার মধ্যে ১২৬.৫৯ কোটি টাকা এখনও ত্রিপুরা সরকার প্রদান করেনি। চলতি অর্থ বছরে টিটিএএডিসি এলাকায় উন্নয়ন কাজের জন্য মাত্র ৪.২৪ কোটি টাকা প্রদান করা হয়েছে। অতিরিক্তভাবে, পাঁচটি বিভাগের ১০টি বিল এবং বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের ১৬টি প্রথাগত আইন রাজ্যপালের চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

এদিন তিনি আরও জানিয়েছেন, চিঠিতে স্পষ্টভাবে বলা হয়েছে, ত্রিপুরা সরকার আমাদের দাবিগুলি অবিলম্বে সমাধান করতে ব্যর্থ হলে আমরা রাজ্য জুড়ে ব্যাপক প্রতিবাদ শুরু করব।

সাথে তিনি আবারও জোর দিয়ে বলেন, আমাদের বিক্ষোভ কোনও নির্দিষ্ট সম্প্রদায়কে নিশানা করে নয়। যাঁরা আমাদের সাথে বিশ্বাসঘাতকতা করেছে তাঁরা বিক্ষোভের কেন্দ্রবিন্দু হবে। প্রতিটি প্রতিবাদকে সাম্প্রদায়িক বলে চিহ্নিত করা একটি সাধারণ অভ্যাস। কিন্তু আমাদের অন্য কোন বিকল্প নেই।

নজরুল জয়ন্তী

● প্রথম পাতার পর

পরাধীন ভারতবর্ষে তিনি হিন্দ, মুসলিম ধর্মের মানুষের মধ্যে সেতু বন্ধনের কাজ করেছিলেন। বিদ্রোহী কবি একজন মুসলিম সম্পদায়ের লোক হয়েও শ্যামা সংগীত ও ভক্তি গীতি রচনা করেছিলেন। তাঁর রচনার মাধ্যমে সেই সময়কার বাঙ্গালি সমাজ দেশপ্রেমে উদ্ধদ্ধ হয়ে ইংরেজদের বিরুদ্ধে স্বাধীনতার আন্দোলনে নিজেদেরকে সম্প'ক্ত করেন। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম আজও প্রাসঙ্গিক। কাজী নজরুল ইসলামের চিন্তা, চেতনা, দেশপ্রেমের ভাবনায় বর্তমান প্রজন্মকে জাড়িত করতেই প্রতি বছর রাজ্যব্যাপী পালিত হয় তাঁর জন্মদিবস। এছাড়াও মুখ্যমন্ত্রী শ্রী সাহা বিদ্রোহী কবির বাল্য ও কর্মজীবন নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্ক'তি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী। উপস্থিত ছিলেন ত্রিপুরা চাইল্ড রাইটস প্রোটেকশন কমিশনের চেয়ারম্যান জয়ন্তী দেববর্মা, কর্পোরেটর মণিমুক্তা ভ-াচার্য, কর্পোরেটর সুখময় সাহা, তথ্য ও সংস্ক'তি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভ-াচার্য। প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান উপলক্ষে সংক্ষিপ্ত সাংস্ক'তিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

কাজী নজরুল ইসলাম তাঁর লেখার মধ্য দিয়ে সমাজকে সচেতন করে গেছেন : সমাজকল্যাণমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শ্রদ্ধা'লি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় বলেন, কবি কাজী নজরুল ইসলাম ছিলেন সাম্যবাদী কবি। কবি তাঁর লেখার মধ্য দিয়ে সমাজকে যেমন সচেতন করে গেছেন তেমনি বিটিশের বিরুদ্ধে স্বাধীনতা সংগ্রামেও ভারতবাসীকে উদ্দীপ্ত করেছিলেন। কবি কাজী নজরুল ইসলাম নিজেই বিটিশ অপশাসনের বিরুদ্ধে আপোষহীনভাবে লড়াই করে গেছেন। অনুষ্ঠানে সমাজকল্যাণমন্ত্রী আরও বলেন, কাজী নজরুল ইসলাম শ্যামা সংগীত, গজল ও দেশাত্মবোধক সংগীত রচনা করে গেছেন। তাঁর লেখা আজও আমাদের অনুপ্রাণিত করে। সমাজকল্যাণমন্ত্রী বর্তমান প্রজন্মকে নজরুলের আদর্শে অনুপ্রাণিত হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানে তথ্য ও সংস্ক'তি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী বলেন, কাজী নজরুল ইসলাম ছিলেন কালজয়ী কবি। তিনি ছিলেন বাংলা সাহিত্যের এক অন্যতম নক্ষত্র। সমাজের সমস্ত অন্যায়ের বিরুদ্ধে লড়াইয়ে কবি অগ্রণী ভূমিকা নিয়েছিলেন। অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত সহকারি অধ্যাপক ড. নারায়ণ ভ-াচার্য কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্ক'তি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভ-াচার্য। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিক'তিতে পুপার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা 'াপন করেন। কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত শ্রদ্ধা'লি অনুষ্ঠানে মনো' সাংস্ক'তিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনুষ্ঠানে একক সংগীত, একক নৃত্য, আবৃত্তি, সমবেত সংগীত, সমবেত নৃত্য, সমবেত আবৃত্তি ও শ্রতিনাটক পরিবেশিত হয়। একক সংগীতে অংশ নেন অনিন্দিতা রায়, দীপা চক্রবর্তী, দেববত চ্যাটার্জি, ননীগোপাল দেববর্মা, পিয়ালি চক্রবর্তী, অনিন্দিতা সাহা। একক নৃত্যে অংশ নেন দেবজ্যোতি লস্কর ও দিব্যেন্দ ঘোষ। আবৃত্তি পরিবেশন করেন বাচিক শিল্পী প্রণব সাহা। সমবেত সংগীতে অংশ নেন সুর অ'লি ও সুর মল্লাদ সাংস্ক'তিক সংস্থা। সমবেত নৃত্যে অংশ নেয় গুরুকুল এমটি ইনস্টিটিউট ও খোয়াইয়ের নৃত্যাঙ্গন ড্যান্স একাডেমির শিল্পীরা। সমবেত আবৃত্তিতে অংশ নেন অর্কদ্যুতি সাংস্ক'তিক সংস্থার বাচিক শিল্পীগণ। শ্রতি নাটক পরিবেশন করেন পরম্পরা সাংস্ক'তিক সংস্থার শিল্পীগণ। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন শচীন দেববর্মণ সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা।

বিশালগড়েও বিজেপির কার্যকারিণী বৈঠক অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৬ মে।। শুক্রবার সারা রাজ্যের প্রত্যেকটি মন্ডলের সাথে বিশালগড় মন্ডলেও অনুষ্ঠিত হয় বিজেপির কার্যকারিণী বৈঠক। সকাল এগারোটায় দলীয় কর্মীদের পঞ্জিকরণ , তারপর দলীয় পতাকা উত্তোলন,প্রদীপ প্রজ্জ্বলন ও ভারত মাতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। তারপর মাতৃ বন্দনা করে সভাপতির স্বাগত ভাষণের মাধ্যমে বৈঠক শুরু করা হয়। শুক্রবার বিশালগড় মন্ডলের কার্যকারিণী বৈঠকে উপস্থিত ছিলেন বিশালগড় বিধানসভার বিধায়ক সুশান্ত দেব, মন্ডলের ভারপ্রাপ্ত সভাপতি তপন দাস, রাজ্যে বিজেপির সদস্য মৃণাল কান্তি নাথ,মন্ডল প্রভারি অমল দেবনাথ, পৌর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ। তাছাড়া উপস্থিত ছিলেন পৌর পরিষদের কাউন্সিলর,গ্রাম পঞ্চায়েতের প্রধান উপপ্রধান, মন্ডল কমিটির সদস্য সদস্যাগণ, বিশালগড় মন্ডলের বিভিন্ন মোর্চার সভাপতি ও সাধারণ সম্পাদক গণ,বিশালগড় বিধানসভার ষাটটি বুথের বুথ সভাপতি সহ একনিষ্ঠ কার্যকর্তাগণ। নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের নয় বছর পূর্তি উপলক্ষে বিজেপি ৩০শে মে থেকে ৩০ শে জুন পর্যন্ত এক মাসব্যাপী কর্মসূচি হাতে নিয়েছে।তার বাস্তবায়ন করার উদ্দেশ্যে কার্যকারিণী বৈঠকের আয়োজন করা হয়েছে। তাছাড়া গত কিছুদিন আগে বিজেপি বুথ স্বশক্তিকরণ কর্মসূচির মাধ্যমে বুথ সভাপতি দের নামের তালিকা ঘোষণা করেছে। তারমধ্যে কিছু নতুন নাম স্থান পেয়েছে।সব মিলিয়ে আসন্ন লোকসভা নির্বাচনে ত্রিপুরা থেকে নরেন্দ্র মোদীকে দুটি পদ্ম উপহার দিতে জোরদার প্রস্তুতি শুরু করার লক্ষ্যে এই বৈঠক।এই কার্যকারিণী বৈঠক সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিধায়ক সুশান্ত দেব বলেন বিজেপি একটা শৃঙ্খলা বদ্ধ দল।এই দলের কিছু আদর্শ আছে।কার্যকারিণী বৈঠক হল বিজেপি দলের কর্মীদের জন্য খুবই গুরুত্বপূর্ণ বৈঠক। দলীয় অনুশাসন ও নিয়ম অনুযায়ী এই বৈঠক করা হয়। নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার ত্রিপুরার জন্য খুবই ভালো কাজ করেছে। কেন্দ্রীয় সরকারের প্রকল্প গুলো বাস্তবায়নের ফলে বহু লোক উপকৃত হয়েছে। বিধানসভা নির্বাচনে যেমন কর্মীদের অক্লান্ত পরিশ্রমে বিশালগড়ের জয় সম্ভব হয়েছে। আগামী লোকসভা নির্বাচনে ত্রিপুরা থেকে দুটি পদ্ম ফুল ফোটাতে কর্মীদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে। তৎসঙ্গে প্রত্যেকটা কার্যকর্তাকে পুনরায় ধন্যবাদ জানান এবং প্রত্যেকের সুখ দুঃখে পাশে থাকার আশ্বাস দেন। বৈঠকে আলোচনা করতে গিয়ে অমল দেবনাথ বিজেপি দলের কর্মী থেকে শুরু করে সমস্ত জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন জনগণই সর্বশেষ কথা। নিজেদের মধ্যে যদি অহংকার আসে সেটা বর্জন করে ফেলুন।রাজ্যে কমিটির সদস্য মৃণাল কান্তি নাথ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নয় বছরের বিভিন্ন প্রকল্প গুলো নিয়ে আলোচনা করেন। সর্বশেষে উপস্থিত কার্যকর্তাদের মধ্যাহ্ন ভোজনের মাধ্যমে বৈঠকের সমাপ্ত করা হয়।

শিল্পাঞ্চলজুড়ে কালবৈশাখীর তান্ডব, বজ্রপাতে মৃত ১, পরিস্থিতি মোকাবিলায় তৎপর প্রশাসন

দুর্গাপুর, ২৬ মে (হি. স.) : তীব্র দাবদাহের পর কালবৈশাখীর তান্ডব। আর এই কালবৈশাখীর তান্ডবে বিপর্যস্ত শিল্পাঞ্চল আসানসোল-দুর্গাপুর। অন্ডালের বজ্রপাতে মৃত্যু হল যুবকের। অঙ্গনওয়াড়ী, স্কুল সহ গোটা শিল্পাঞ্চলে ৬০০ বেশী বাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে। দু"শ র বেশী বিদ্যুতের খুটি পড়ে যাওয়া বিদ্যুত বিভ্রাট। পরিস্থিতি সামাল দিতে রাত থেকে শুরু হয়েছে যুদ্ধকালীন তৎপরতায় কাজ। একইসঙ্গে বিপর্যয় মোকাবিলার দলও এক নাগাড়ে কাজ চালিয়ে যাচ্ছে। পশ্চিম বর্ধমান জেলা প্রশাসনের পক্ষ থেকে খোলা হয়েছে কন্টোলরুম। জোগান দেওয়া হয়েছে পর্যাপ্ত ত্রান ব্যাবস্থা।

বৃহস্পতিবার বিকালে শুরু হয় কালবৈশাখীর তান্ডব। বিকাল চারটা নাগাদ শিল্পাঞ্চলের আকাশ কালো মেঘে ঘিরে ধরে। শুরু হয় ঝড়। তার সঙ্গে পাল্লা দিয়ে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি।



ব্যাটার্স ও উইকেট কিপার অন্বেষণে শান্তিরবাজার ট্রায়লেও ব্যাপক সাড়া

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। শান্তির বাজারেও ব্যাপক সাড়া ব্যাটার্স এবং উইকেট কিপার অন্বেষণে আয়োজিত ওপেন ট্রায়াল ক্যাম্পে। অনূর্ধ ১৬ ক্রিকেটাররা আজ বাছাই পর্বে অংশগ্রহণ করেছে। আগামীকাল ওপেন ট্রায়ালের দ্বিতীয় দিনে অনূর্ধ ১৯ ইচ্ছুক ব্যাটার্স ও উইকেট কিপাররা সামিল হবে। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে দুদিন ব্যাপী ক্রিকেটার তথা ব্যাটার্স ও উইকেট কিপার অন্বেষণে ওপেন ট্রায়াল আজ শুরু হয়েছে। বাইখোড়া ইংলিশ মিডিয়াম স্কুল মাঠে স্পটার তথা প্রাক্তন জাতীয় খেলোয়াড় নীতিশ শেট্টি, সুবল চৌধুরী, অনুপম দে-র তত্ত্বাবধানে এবং কো-অর্ডিনেটর খোকন দেব ও প্রদীপ মিত্র এবং স্পোর্টস ফিজিও সোহাগ চন্দ্র সাহার উপস্থিতিতে ২০২৩-২৪ ক্রিকেট সিজনে ত্রিপুরা দলের হয়ে জাতীয় ক্রিকেট খেলার লক্ষ্যে প্রতিভাবান খেলোয়াড়রা ওপেন ট্রায়ালে উপস্থিত হচ্ছে। ইতোমধ্যে ধর্মনগরেও দুদিন ব্যাপী এই ওপেন ট্রায়াল অনুষ্ঠিত হয়েছে। এদিকে, অবিভক্ত দক্ষিণ জোন তথা উদয়পুর, অমরপুর, বিলোনিয়া, সাব্রুম ও শান্তিরবাজার মহকুমার ব্যাটার্স ও উইকেট কিপাররা এই ওপেন ট্রায়ালে অংশ নিচ্ছে। টিসিএ-র গাইডলাইন অনুযায়ী কিউ.আর জেনারেটেড বার্থ সার্টিফিকেট অরিজিনাল এবং একটি ফটোকপি খেলোয়াড়রা নিয়ে এসেছে। কিউ.আর জেনারেটেড বার্থ সার্টিফিকেট যাদের নেই, তারা সাধারন বার্থ সার্টিফিকেট জমা দিয়েছে, তবে বাছাইকৃত হওয়ার ১৪ দিনের মধ্যে কিউ.আর জেনারেটেড বার্থ সার্টিফিকেট টিসিএ অফিসে জমা করতে হবে। অনূর্ধ ১৬ ক্রিকেটারদের ক্ষেত্রে জন্ম তারিখের নির্দেশিকা ১-৯-২০০৭ এবং ১-৯-২০০৯ এর মধ্যে। একইভাবে অনূর্ধ ১৯ ক্রিকেটের ক্ষেত্রে জন্ম তারিখ হতে হবে ১-৯-২০০৪ এবং তার পরে। আগামীকাল যারা উপস্থিত হবে তাদেরও সাদা পোশাকে মাঠে উপস্থিত হতে হবে। সঙ্গে অবশ্যই স্ব-প্রত্যয়িত মেডিকেল ফিটনেস জমা করতে হবে। এজন্য নির্দিষ্ট ফর্ম মাঠেই সরবরাহ করা হবে। এছাড়া, আগের ওপেন ট্রায়েলের মাধ্যমে যে সকল পেস ও স্পিন বোলাররা ইতিমধ্যে বাছাইকৃত হয়েছে, তারাও যথারীতি এই ওপেন ট্রায়ালে উপস্থিত থাকছে। শান্তিরবাজার সাব ডিভিশন ক্রিকেট অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এই সিলেকশন ট্রায়াল উপলক্ষে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

প্রথম ডিভিশন ক্রিকেট, সুপার ফোরের দ্বিতীয় রাউন্ডের ২ ম্যাচ আজ থেকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। গুরুত্বপূর্ণ আরও দুটি ম্যাচ শুরু আগামীকাল থেকে। নরসিংগড় পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে গ্রুপের শীর্ষ থাকা চলমান সঙ্ঘ খেলবে ব্লাডমাউথের বিরুদ্ধে এবং এম বি বি স্টেডিয়ামে বি সি সি খেলবে পোলস্টার ক্লাবের বিরুদ্ধে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত প্রথম ডিভিশন ক্রিকেটের সুপার ফোরের। আসরের প্রথম ম্যাচে পোলস্টারকে পরাজিত করে আপাতত শীর্ষে রয়েছে তপন দেবের চলমান সঙ্ঘ। আগামীকাল থেকে দুদিনের ম্যাচে চলমান সংঘ যদি ব্লাডমাউথের বিরুদ্ধে ৩ পয়েন্ট পায় তাহলে খেতাবের দৌড়ে এগিয়ে যাবে। অপরদিকে প্রথম ম্যাচে বি সি সি-র কাছে প্রথম ইনিংসে পিছিয়ে থেকে ১ পয়েন্ট নিয়ে সন্তুষ্ট থাকতে হয়েছে সদ্য প্রথম ডিভিশনের সেরা দল ব্লাডমাউথ। চলমানের বিরুদ্ধে ঘুরে দাঁড়াতে চাইবে বাপ্পা দাস-রা। ফলে ব্যাটে-বলের লড়াই হবে জমজমাট। দুদলই শুক্রবার হাল্কা অনুশীলন সেরে নেয়। প্রথম ম্যাচে জয় পেয়ে মানসিকভাবে এগিয়ে রয়েছেন দেবোত্তম ঘোষ-রা। ব্লাডমাউথের বিরুদ্ধে ফেভারিট হিসাবেই মাঠে নামবে চলমান। তবে কোনও রকম আত্মতুষ্টি দেখা দিলে এর খেসারত দিতে হবে দলকে। অপরদিকে ব্লাডমাউথের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়ে ৩ পয়েন্ট পেয়ে দীপক ভাটনাগরের দল বি সি সি-র ক্রিকেটাররা মানসিকভাবে চাঙ্গা। পোলস্টারের বিরুদ্ধেও ভালো খেলা নিয়ে আশাবাদী দল। তবে পোলস্টার চাইবে প্রথম ম্যাচের ব্যর্থতা ভুলে বি সি সি-র বিরুদ্ধে ঘুরে দাঁড়াতে। ফলে দুই মাঠেই ২২ গজের লড়াই হবে জমজমাট। ৪ দলই চাইবে ভালো ফলাফল করে এগিয়ে যেতে।

সোনামুড়ায় সিনিয়র ক্রিকেটে ৯ উইকেটে জয়ী ব্লাড ড্রপস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। সহজ জয় পেলো ব্লাড ড্রপস ক্লাব। ৯ উইকেটে পরাজিত করলো উরমাই প্লে সেন্টারকে। সোনামুড়া মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্রিকেটে। মেলাঘর মাঠে অনুষ্ঠিত ম্যাচে উরমাই প্লে সেন্টারের গড়া ৫৪ রানের জবাবে ব্লাড ড্রপস ক্লাব ১ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের অরিজিৎ মজুমদার ৪৩ রান করেন। শুক্রবার সকালে টসে জয়লাভ করে উরমাই প্লে সেন্টার ব্যাটিং ব্যর্থতায় মাত্র ৫৪ রান করতে সক্ষম হয়। মিডল অর্ডারে রতন দেববর্মা এবং মঙ্গল পদ দেববর্মা যদি সাময়িক প্রতিরোধ গড়ে না তুলতেন তাহলে দলীয় স্কোর সম্ভবত ২৫ রানের গন্ডি পার হতো না। রতন ২৩ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৯ এবং মঙ্গল ১২ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১০ রান করেন। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দলের ৭ জন ব্যাটসম্যান কোনও রান করতে পারেননি। দল অতিরিক্ত খাতে পায় ১২ রান।

কৈলাসহরে বাসব স্মৃতি সিনিয়র ক্রিকেটে জয়ী নবজাগরণ সংস্থা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।।জয় পেলো নবজাগরণ সংস্থা। ভি জে ডি ম্যাথডে পরাজিত করলো লার্ণার কোচিং সেন্টারকে। ১০ উইকেটে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত বাসব স্মৃতি সিনিয়র ক্রিকেটে। রামকৃষ্ণ মহাবিদ্যালয় মাঠে প্রথমে ব্যাট নিয়ে লার্ণার কোচিং সেন্টার ১৫৬ রান করে। পরে বৃষ্টি নামায় নবজাগরণ সংস্থার সাংমনে লক্ষ্যমাত্রা দাড়ায় ১৯ ওভারে ৮৯ রান। যা ৮.৫ ওভারেই করে নেয় নবজারণ সংস্থা। দলের পক্ষে স্বর্ণদ্বীপ ঘোষ ঝড়ো অর্ধশতরান করেন। শুক্রবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে লার্ণার সি সি ১৫৬ রান করে। দলের পক্ষে অমিত দাস ৮০ বল খেলে ৭ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৭, মজুমদার আকিক মহম্মদ ৮ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৮ এবং রাজ মালাকার ১৮ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৪ রান করেন। দলের আর কোনব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দল অতিরিক্ত খাতে পায় ৪১ রান।নবজাগণ সংস্থার পক্ষে শুভন দত্ত (৩/২৫), সেলিম মিঁয়া (২/২৩) এবং অভিজিৎ কলই (২/৩৮) সফল বোলার। এরপরই বৃষ্টিশুরু হওয়ায় নবজাগরণ সংস্থার সামনে লক্ষ্যমাত্রা দাড়ায় ১৯ ওভারে ৮৯ রান। যা ৫৩ বল খেলে কোনও উইকেট না হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে স্বপ্নদ্বীপ ঘোষ ২৪ বল খেলে ৮ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৩ রানে এবং পার্থ দেব ৩০ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২২ রানে অপরাজিত থেকে যান।

দাহাদ, পল্লব, হর্ষিতা-রা সই করলেন ল্যান্স ক্লুজেনার আসছেন ৩ জুন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা,২৬ মে।। রাজ্য ক্রিকেটের উন্নতি কল্পে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন যে উদ্যোগ হাতে নিয়েছে, সেগুলো ক্রমশ বাস্তবায়নের লক্ষ্যে এগুচ্ছে। একে একে কোচের দায়িত্বভার হাতে তুলে নিয়েছেন সন্দীপ দাহাদ ও পল্লব দাশগুপ্ত।

রাজ্য মহিলা সিনিয়র দল এবং ছেলেদের অনূর্ধ ১৬ টিমের কোচ হিসেবে তাঁরা যথাক্রমে দায়িত্ব সামলাবেন। শ্রীমতি হর্ষিতা কৃষ্ণমূর্তি সিনিয়র মহিলা দলের স্ট্রেন্থ এন্ড কন্ডিশনিং কোচ হিসেবে আজ, শুক্রবার দায়িত্বভার গ্রহণ করেছেন। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সদর কার্যালয়ে সহ-সভাপতি তিমির চন্দ এবং সচিব তাপস ঘোষের উপস্থিতিতে কোচদের সঙ্গে অফিসিয়াল মৌ এবং স্বাক্ষর প্রদান কর্মসূচি সম্পাদিত হয়।

এদিকে, যথারীতি কাউন্ট ডাউন শুরু শুরু হয়েছে নতুন ইতিহাস রচনার।

আগামী ৩ জুন রাজ্যে আসছেন হেড অফ দ্য কোচ ল্যান্স ক্লুজেনার। সংবাদ সূত্রে খবর রয়েছে ওই দিনই তিনি ত্রিপুরা ক্রিকেটের হেড অফ দ্য কোচ হিসেবে দায়িত্বভার হাতে তুলে নেবেন। দক্ষিণ আফ্রিকার প্রাক্তন তারকা ক্রিকেটার তথা ক্রিকেট কোচ ল্যান্স ক্লুজেনার ২ জুন ভারতে আসছেন। পরদিন-ই তিনি ত্রিপুরায় আসছেন বলে খবর রয়েছে। উল্লেখ্য, রাজ্য ক্রিকেট সংস্থার বর্তমান কমিটি এই মরশুমে রাজ্য ক্রিকেটের হেড অফ দ্য কোচ হিসেবে ল্যান্স ক্লুজেনারকে বেছে নিয়েছেন। ক্রিকেট মহলে বিষয়টি এক ঐতিহাসিক পদক্ষেপ বলে ব্যাপক সাড়া পড়েছে।

রাজ্যভিত্তিক স্কুল কাবাডির চূড়ান্ত পর্বের খেলা আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। তিন দিনব্যাপী রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়ার অনূর্ধ ১৭ কাবাডি প্রতিযোগিতা আগামীকাল শেষ হচ্ছে। বালক ও বালিকা উভয় বিভাগে আয়োজিত রাজ্যভিত্তিক কাবাডি প্রতিযোগিতার লীগ পর্যায়ের খেলা আজ, শুক্রবার শেষ হয়েছে। আগামীকাল দুটো বিভাগেরই মূল পর্ব তথা সেমিফাইনাল ও ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারী আটটি জেলা দলের মধ্যে লীগ পর্যায়ের খেলা শেষে সেরা চার দলের মধ্যে সেমিফাইনালের লাইনআপ চূড়ান্ত হয়েছে। বালক বিভাগের প্রথম সেমিফাইনালে গোমতী এবং খোয়াই জেলা দল পরস্পরের মুখোমুখি হবে। অপর সেমিফাইনালে ধলাই খেলবে সিপাহীজলার বিরুদ্ধে। বালিকা বিভাগে প্রথম সেমিফাইনালেও গোমতী খেলবে খোয়াই জেলা দলের বিরুদ্ধে। অপর সেমিফাইনালে ঊনকোটি ও দক্ষিণ জেলা দল পরস্পরের মুখোমুখি হবে। উল্লেখ্য, আগামীকাল থেকে ধলাই জেলার আমবাসায় কুলাই স্কুল মাঠে তিন দিনব্যাপী রাজ্যভিত্তিক বালক-বালিকা বিভাগের অনূর্ধ ১৭ খো-খো প্রতিযোগিতা শুরু হচ্ছে। একই সঙ্গে আগামীকাল থেকেই অনূর্ধ ১৭ বালক বিভাগের হকি প্রতিযোগিতাও একই মাঠে শুরু হচ্ছে।

PNIT NO: 05/ePNIT/EE/RD/DIV/AMP/G/2023-24, Dated- 25/05/2023

The Executive Engineer, RD Amarpur Division, Amarpur, Gomati District, Tripura invites e-Tender from eligible bidders upto 3.00 PM of 08/06/2023 of 1 (One) no. Materials Procurement Tender. For details visit website- https://tripuratenders.gov.in and contact- 03821291900. Any subsequent corrigendum will be available in the website only.

ICA/C-711/23

Executive Engineer
RD Amarpur Division
Amarpur, Gomati Dist., Tripura

PRESS NOTICE INVITING e-TENDER

No.F.3-232(AY/SCW/ACCTTS/NAZ/2023-24/ 396 -)7 Dated: PG 9S nny 2023

The SC Welfare Department, Govt. of Tripura, Gurkhabasti, P.N Complex, Agartala invites Online Tenders through e-Procurement Portal, Government of Tripura (https://tripuratenders.gov.in) from the bonafied vehicle owner /Agency (commercial) hiring of vehicle for official use by the Hon'ble Minister, SC Welfare Department, Govt. of Tripura, and tender document can be obtained from https://tripuratenders.gov.in Last Date of submission of the e-Tender: 12/06/2023 up to 06.00 PM.

ICA/C-709/23

Director
SC Welfare Deptt.
Govt. of Tri[pura

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হেজামারা আরডি ব্লকের অন্তর্গত ৭টি ভিলেজ কমিটির বিভিন্ন পাড়ায় মোট ৯ জনের নাম PMAY-G অতিরিক্ত তালিকার অন্তর্ভুক্ত আছে কিন্তু REGISTRATION করতে গিয়ে মোট ৯ জনকে SECC-2011 অনুসারে উল্লেখিত ঠিকানায় খোঁজে না পাওয়ার কারণে REGISTRATION করা যাচ্ছে না।

তাই এই বিজ্ঞপ্তির মাধ্যমে আপনাদের অবগত করা যাচ্ছে যে আপনারা আগামি ৩১ই মে ২০২৩ ইং তারিখের মধ্যে উপযুক্ত প্রমানাদি নিয়ে নিজ নিজ ভিলেজ কমিটি অফিসে অথবা হেজামারা ব্লক অফিসে এসে REGISTRATION করার জন্য আবেদন করুন। অন্যথায় আপনাদের নাম SECC-2011 তালিকা থেকে অপসারনের জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

SECC-2011 data অনুসারে নামের তালিকা নিম্নে দেওয়া হল :-

Sl.No	Name of VC	Name of Beneficiary	Father Name	PMAY-G ID
1	BAIKUNTHAPUR	SANJIA BENJUA	SUBASH BENJUA	1285403
2	BHARAT CHOW	RAJENDRA DEBBARMA	RAJ KUMAR DEBBARMA	1263275
3	BARKATHAL	BHABENDRA DEBBARMA	SURENDRA DEBBARMA	1399711
4	PURBA CHANDPUR	RANJIT DEBBARMA	SURENDRA DEBBARMA	1229563
5	SURENDRANAGAR	BABUL MUNDA	UTU MUNDA	1135098
6	SURENDRANAGAR	BIRENDRA DEBBARMA	PURNACHANDRA DEBBARMA	1183007
7	SURENDRANAGAR	SUKUMAR DEBBARMA	SUBINDRA DEBBARMA	1390443
8	TWISAMUNGKUWAI	CANDARAM DEBBARMA	MUNICHANDRA DEBBARMA	1318114
9	CHANDPUR	CHANDRA KR. DEBBARMA	ARJUN DEBBARMA	1123004

ICA/D-281/23

Sd/-
সমষ্টি উন্নয়ন আধিকারিক
হেজামারা আরডি ব্লক

NIT NO: e-PT-05/EE/RD/MNU/D/2023-24, ut. 25-05-2023

On behaif of the Governor of Tripura. the Executive Engineer, R D Manu Division, Government of Iripura invites percentage rate separate e-tender (both Technical and Financial bid) for Construction work under RD Manu Division from the eligible bidders in PWD form-9 Up to 08/06/2023 at 2.00 PM as per following terms condition as well as DNIT. For details visit websites hups:! ipuratenders.gov.in and contact at M: 9436124338. Any subsequent corrigendum will be available in the website only. .

"NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER*

For and on behalf of Governor of Tripura

ICA/C-702/23

Executive Engineer
RD Manu Division, Dhalai

Corriegendum

Subjet Correction of Bid validity days and Time of completrion in the relative DNIeT for the following work :-

Name of work:-

1.Mtc. of Water Supply Schemes under the jurisdiction of PWD (DWS) Sub-Division, Jirania / SH: Supplying, fitting fixing of different kinds of electrical accessories of panel board for existing WTP/DTW schemes etc. Complete under the jurisdiction of PWD (DWS) Sub-Division, Jirania during the year 2023-24.(Group-1).
DNIe-T No- 08/DNIeT/EE/DWS/JRN/2023-24
Tender ID No. :- 2023_CEDWS_38186_1

2. Mtc. of Water Supply Schemes under the jurisdiction of PWD (DWS) Sub-Division, Jirania / SH: Supplying, fitting fixing of different kinds of electrical accessories of panel board for existing WTP/DTW schemes etc. Complete under the jurisdiction of PWD (DWS) Sub-Division, Jirania during the year 2023-24.(Group-II).
DNIe-T No- 09/DNIeT/EE/DWS/JRN/2023-24.
Tender ID No. :- 2023_CEDWS_38195_1

3. Repair & Maintenance of Water supply scheme's under Belbari R.D. Block under the Jurisdiction of PWD (DWS) Sub-Division Jirania /SH: Lifting, Lowering and other allied works of Small Bore Deep Tube Well's under Belbari R.D. Block during the year 2023-2024.
DNIe-T No- 10/DNIeT/EE/DWS/JRN/2023-24
Tender ID No. :- 2023_CEDWS_38201_1

4. Repair & Maintenance of Water supply scheme's under Old Agartala R.D. Block & Jirania R.D. Block under the Jurisdiction of PWD (DWS) Sub-Division Jirania /SH: Lifting, Lowering and other allied works of Small Bore Deep Tube Well's under Old Agartala & Jirania R.D. Block during the year 2023-2024.
DNIe-T No- 11/DNIeT/EE/DWS/JRN/2023-24
Tender ID No. :- 2023_CEDWS_38204_1

This is for information to concerned bidders that the above mentioned work had been invited vide no. PNIeT No. :- 03/EE/DWS/JRN /2022-23 of F10(03)/EE/DWS/JRN/3894-34 dated 10/05/23 . But it is observed that incorrect Bid validity days and Time of completion had been inscribed of the said DNIeT while uploading the tender. Now please read Bid validity days as 180 days instead of 365 days and Time of completion as 365 days instead of 180 days. Other terms and conditions shall be remain the same. This statement forms the part of the agreement for the said work.

ICA/C-696/23

(Er. P.K. Das)
Executive Engineer
DWS Division, Jirania
Ranirbazar ,Tripura (West)

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

সরকারি প্রকল্প রূপায়ণে ব্লক প্রশাসনকে দায়বদ্ধতা নিয়ে কাজ করতে হবে ঃ মৎস্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের জনকল্যাণকর প্রকল্পগুলির সঠিক ভাবে রূপায়ণের জন্য দায়বদ্ধতা নিয়ে জনগণের স্বার্থে ব্লক প্রশাসনকে কাজ করতে হবে। তবেই গ্রামীণ এলাকায় বসবাসরত মানুষের জীবনযাত্রার মান উন্নত হবে। কুমারঘাট প'ায়েত সমিতির হলে গতকাল ব্লকের বার্ষিক পুরস্কার বিতরনী অনুষ্ঠান-২০২৩ এর উদ্বোধন করে একথা বলেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস। উল্লেখ্য, কুমারঘাট ব্লক গত এপ্রিল মাসে জনজাতি এলাকায় উন্নয়ন কাজের নিরিখে দেশের ত'তীয় স্থান অর্জন করেছে। ভারত সরকারের প'ায়েতরাজ মন্ত্রক থেকে নয়াদিল্লীতে জাতীয় প'ায়েত দিবস উদযাপনের অনুষ্ঠানে কুমারঘাট বিএসি'কে নানাজি দেশমুখ সর্বোত্তম প'ায়েত সতত বিকাশ পুরস্কারের জন্য ত'তীয় স্থানে ভূষিত করেছে। অনলাইনে ৯টি থিমের উপর ১১৪টি প্রশমালার ভিত্তিতে কুমারঘাট ব্লক এই পুরস্কার পেয়েছে। ব্লক প্রশাসন তখনই ঠিক করে ব্লকের অন্তর্গত ৩৪টি গ্রামপ'ায়েত ও ভিলেজ কমিটিগুলিকে উন্নয়ন কর্মসূচিতে উৎসাহিত করতে। কুমারঘাট ব্লকের গ্রামীণ এলাকায় রূপায়িত কর্মসূচিতে যারা যুক্ত রয়েছেন তাদের সাফল্যের স্বীক'তি দিতে অনুরূপ পুরস্কার প্রদান করা হবে। এই লক্ষ্যেই কুমারঘাট ব্লকে উন্নয়ন কর্মসূচি রূপায়ণে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। গতকাল পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেন, ব্লক প্রশাসন হল গ্রামীণ জনগণের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সরকারী প্রতিষ্ঠান। মানুষ এখান থেকে অনেক কিছু আশা করেন। ব্লকের অন্তর্গত প'ায়েতগুলিতে প্রতিদিন অনেক আবেদন জমা পরে। সেই আবেদনগুলি অগ্রাধিকারের ভিত্তিতে নির্দিষ্ট সময়ের মধ্যে নিপত্তি করাই হল প'ায়েত ও ব্লক প্রশাসনের মূল কাজ। এই কাজে প'ায়েত সচিব, আর পি এম, জি আর এস, প'ায়েতের জন প্রতিনিধিদের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করতে হবে।

অনুষ্ঠানে বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, গান্ধীজী যে গ্রামীণ ভারত দেখতে চেয়েছিলেন ২০১৪ সাল থেকে নরেন্দ্র মোদির নেত'ত্বে কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠার পর গ্রামগুলির সার্বিক উন্নয়নে সারা দেশে কাজ শুরু হয়েছে। দেশ ও রাজ্যের উন্নয়ন করতে হলে গ্রাম উন্নয়নে অগ্রাধিকার দিতে হবে। অনুষ্ঠানের অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দ দাস। সভাপতিত্ব করেন কুমারঘাট প'ায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস। স্বাগত বক্তব্য রাখেন বিডিও ডা. সুদীপ ভৌমিক। উপস্থিত ছিলেন কুমারঘাট বিএসি'র চেয়ারম্যান তপন জয় রিয়াং। পুরস্কার বিতরনী অনুষ্ঠানে শ্রেষ্ঠ প'ায়েত সচিব/ ভিলেজ সচিব, অফিসকর্মী, আরপিএম, ইঁনিয়ার, জিআরএস, ক্লাস্টর কো-অডিনেটর, ভিলেজ অর্গানাইজার, স্বসহায়ক দল, ত্রিপুরা গ্রামীণ আজীবিকা মিশনের ঋণের ব্যবস্থাপনা, গ্রামপ'ায়েত ভিলেজ কমিটি এবং স্বচ্ছ ভারত মিশনে শ্রেষ্ঠ গ্রামের জন্য ১৮টি পুরস্কার প্রদান করা হয়।

বনমালীপুর মন্ডলে বিজেপির কার্যকারিণী বৈঠক অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। রাজ্যের মুখ্যমন্ত্রীর ডক্টর মানিক সাহার নির্বাচনী এলাকা টাউন বদদোয়ালী মন্ডলে শুক্রবার মন্ডল কার্যকারিনী বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ অন্যান্য নেতৃবৃন্দ।

আগামী ৩০শে মে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দেশ পরিচালনার নয় বছর পুর্তি হচ্ছে। এ উপলক্ষে মাসব্যাপী ব্যাপক প্রচার কর্মসূচি গ্রহণ করেছে বিজেপি। এই কর্মসূচির অঙ্গ হিসেবে বিগত দিনগুলিতে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের যেসব উন্নয়নমুখী প্রকল্প বাস্তবায়িত হয়েছে সেগুলি জনগণের সামনে তুলে ধরার জন্য উদ্যোগ গ্রহণ করেছে দল। আগামী ৩০ মে থেকে ৩০ জুন পর্যন্ত মাসব্যাপী প্রচার আন্দোলন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচিকে বাস্তবায়িত করার লক্ষ্যে রাজ্য কার্যকারিনী বৈঠক এবং জেলা কার্যকারিনী বৈঠক ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। শুক্রবার একযোগে রাজ্যের সবকটি মন্ডল এলাকায় মন্ডল কার্যকারণী বৈঠক অনুষ্ঠিত হয়। দলীয় এই কর্মসূচির অঙ্গ হিসেবেই শুক্রবার রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহার নির্বাচনে এলাকা টাউন বড়দোয়ালী মন্ডলে মন্ডল কার্যকারিনী বৈঠক অনুষ্ঠিত হয়। মন্ডল কার্যকারিনী বৈঠকের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন দেশের প্রধানমন্ত্রী বিগত ৯ বছর ধরে যেসব উন্নয়নমুখী কর্মসূচি বাস্তবায়িত করেছেন সেগুলি জনগণের সামনে তুলে ধরা লক্ষেই এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের গৃহীত প্রকল্প গুলি জনগণের সামনে তুলে ধরে ২০২৪ সালের লোকসভা নির্বাচনে জনগণের কাছে পুনরায় ভোট চাইবে দল। রাজ্যের দুটি লোকসভার আসনেই বিগত বছরের চেয়েও অধিক ভোটের ব্যবধানে জয়ী করে প্রধানমন্ত্রীকে দুটি আসন উপহার দেওয়ার জন্য তিনি দলীয় নেতৃবৃন্দ সহ রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। এদিন মুখ্যমন্ত্রীর নির্বাচনী এলাকায় মন্ডল কার্যকারনী বৈঠককে কেন্দ্র করে দলীয় নেতা কর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

জাতীয় শিক্ষানীতির প্রতিবাদে আগরতলায় বাম ছাত্র সংগঠনের বিক্ষোভ মিছিল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। বাম ছাত্র সংগঠন এসএফআই এবং টি এস ইউ ৩ দফা দাবিতে রাজধানী আগরতলা শহরে প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংঘটিত করেছে। জাতীয় শিক্ষানীতি ২০২০ বাতিল করা সহ তিন দফা গুরুত্বপূর্ণ দাবিতে শুক্রবার রাজধানীর আগরতলা শহরে প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংঘটিত করল ছাত্র সংগঠন এসএফআই ও টি এস ইউ। প্রতিবাদ বিক্ষোভ মিছিলে অংশ নিয়ে ছাত্র নেতৃবৃন্দ কেন্দ্রীয় সরকার করোনা পরিস্থিতি চলাকালে সংসদ কে এড়িয়ে জাতীয় শিক্ষানীতি ২০২০ গ্রহণ করেছে। এই শিক্ষাদিটিকে বড়লোকের শিক্ষা নীতি বলে আখ্যায়িত করেছে ছাত্র সংগঠন। অবিলম্বে এই শিক্ষানীতি বাতিল করে দেশের সর্বত্র সর্বজনীন শিক্ষা ব্যবস্থা চালু করার জন্য তারা দাবি জানান। নেতা বলেন বর্তমান সরকারের আমলে ককবরক ভাষাভাষীদের পরীক্ষা প্রদানের ক্ষেত্রে বাংলা ও ককবরক ভাষাকে মর্যাদা দিচ্ছে না। বাংলা ও রোমান উভয় হরফে যাতে ককবরক ভাষাভাষীরা পরীক্ষায় বসতে পারেন তা নিশ্চিত করার জন্য জোরালো দাবি জানানো হয়েছে।

তেলিয়ামুড়ায় বিজেপিতে যোগ দিলেন বাম নেতা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। তেলিয়ামুড়ায় বিজেপির কার্যকারণে বৈঠকে আনুষ্ঠানিকভাবে সিপিআইএম ছেড়ে বিজেপিতে যোগ দিলেন প্রাক্তন পুরপিতা সুখেন্দু বিকাশ দেব ও প্রাক্তন হগব পন্থি শিক্ষক নেতা দীপক রায়। জ্যের বিভিন্ন মন্ডলের সাথে একই দিনে বিজেপি তেলিয়ামুড়া মন্ডলের উদ্যোগে তেলিয়ামুড়া টাউন হলে মন্ডলের কার্যকর্তাদের নিয়ে কার্যকারিনি বৈঠক অনুষ্ঠিত হয়। কার্যকারিনি সভাতে উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, বিজেপি খোয়াই জেলার সাধারণ সম্পাদক জয়ন্ত সাহা ও সমীর দাস, তেলিয়ামুড়া মন্ডল সভাপতি রঞ্জিত সূএধর, পৌর পিতা রূপক সরকার, সহকারী পৌর পিতা মধুসূদন রায়, প্রাক্তন পৌর পিতা নীতিন কুমার সাহা সহ মন্ডলের অন্যান্য কর্মকর্তারা। কার্যকারিনি বৈঠকের পূর্বে তেলিয়ামুড়া টাউন হল প্রাঙ্গণের সামনে বিজেপির দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। এদিনের কার্যকারিনি বৈঠকে বিজিপির কর্মী সমর্থকদের উপস্থিতির ছিল বেশ লক্ষণীয়। এদিনের এই সভায় তেলিয়ামুড়া পৌর পরিষদের সি পি আই এম দলের প্রাক্তন সুখেন্দু বিকাশ দেব ও প্রাক্তন হগব পন্থি শিক্ষক নেতা দীপক রায় বি জে পি দলে যোগদান করেন। বি জেপি দলে যোগদান কারীদের হাতে বিধায়িকা কল্যানী সাহা রায় সহ অন্যান্যরা নেতৃত্বরা ফুলের তোড়া এবং বিজেপি দলের পতাকা তুলে দিয়ে বরন করে নেন।

বিজেপির কার্যকারিণী বৈঠক অনুষ্ঠিত কল্যাণপুরে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২৬ মে।। সামনেই লোকসভা নির্বাচন। আর এই নির্বাচনকে কেন্দ্র করেই বাড়ি বাড়ি জন সংযোগ গড়ে সংগঠনকে মজবুত করার উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে বিজেপি। এই লক্ষেই শুক্রবার কল্যাণপুরের লোটাস কমুইনিটি হলে কল্যাণপুর মন্ডলের কার্য্যকারিনী বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপত্বিত করেন কল্যাণপুর বিজেপি মন্ডল সভাপতি জীবন দেবনাথ। মঞ্চে ছিলেন বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি তথা বিধায়ক পিনাকী দাস চৌধুরী, বিজেপি নেত্রী জলি বর্মন, ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ইন্দ্রানী দেববর্মা, কল্যাণপুর মন্ডলের সাধারণ সম্পাদক অসীম দেবরায় প্রমুখ। মূলত সংগঠন মজবুত করা এবং বুথ স্বশক্তিকরণের উপর বৈঠকে জোড় দেওয়া হয়। বিধায়ক পিনাকী ☞ ৬ এর পাতায় দেখুন

ব্যক্তিস্বার্থে কাজ করা নেতাদের রাজনৈতিক দল আজ জনবিচ্ছিন্ন হয়ে পড়েছে : সুশান্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। জনগণের স্বার্থ ভুলে যে রাজনৈতিক দলের নেতারা ব্যক্তিস্বার্থে কাজ করেছিলেন, জনগণ তাদের ছুড়ে ফেলে দিয়েছে। ফলে, অনেক রাজনৈতিক দল এখন জনবিচ্ছিন্ন দলে পরিণত হয়েছে। আজ ১০-মজলিশপুর বিধানসভা মন্ডল বিজেপির কার্যকারিণী বৈঠকে এভাবেই সুর চড়ালেন স্থানীয় বিধায়ক তথা পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

এদিন শ্রী চৌধুরী বলেন, বিজেপি হচ্ছে মতাদর্শ ভিত্তিক সুসংবদ্ধ সংগঠনের ভিত্তির উপর দাঁড়িয়ে থাকা একটি দল।বিভিন্ন মতাদর্শ, জাতি, ধর্ম, অর্থনৈতিক স্বার্থ এবং কর্মপন্থার বিভিন্নতার উর্ধ্বে ওঠে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস এই মন্ত্রে দিক্ষীত হয়ে আমাদের সবাইকে জনগণের স্বার্থে কাজ করে যেতে হবে। তাই নিয়মিতভাবে ধৈর্য সহকারে জনগণের অভাব অভিযোগ শুনতে হবে এবং তাদের উত্থাপিত সমস্যার সমাধান করতে হবে। বিজেপির প্রতিটি কার্যকর্তার মূল লক্ষ্য দেশ ও জনগণের জন্য নিঃস্বার্থভাবে কাজ করা।

তিনি আরো বলেন, দায়িত্ববান রাজনৈতিক দল হিসেবে আমাদের দলের প্রতিটি কার্যকর্তাকে জাতীয় স্বার্থে উদ্বুদ্ধ হতে হবে। বিজেপির প্রত্যেক কার্যকর্তাদের সমগ্র জাতির স্বার্থ সাধনে আত্মনিয়োগ করতে হবে। তাঁর কটাক্ষ, ইতিহাস সাক্ষী আছে জনগণের স্বার্থের কথা মাথায় না রেখে যে রাজনৈতিক দল কাজ করেছে জনগণ তাদের ছুড়ে ফেলে দিয়েছে। জনগণের স্বার্থের জন্য কাজ না করে শুধুমাত্র নিজেদের ব্যক্তিস্বার্থের জন্য কাজ করা অনেক রাজনৈতিক দল আজ জনবিচ্ছিন্ন দলে পরিণত হয়েছে।

তাঁর দাবি, প্রত্যেক রাজনৈতিক দলের চূড়ান্ত লক্ষ্য হল জনসমর্থনের ভিত্তিতে নির্বাচনে জয়ী হয়ে সরকার গঠন করা এবং শাসনকার্য পরিচালনার মাধ্যমে দলীয় আদর্শ ও উদ্দেশ্যকে কার্যকর করা।এই মানসিকতা নিয়ে কাজ করে গেলে দেশ ও রাজ্যের লাভ হবে। ভারতীয় জনতা পার্টির প্রতিটি কার্যকর্তাকে একই মনমানসিকতা ও মতাদর্শে সুসংবদ্ধ হতে হবে, বলেন তিনি।

তিনি হুশিয়ারী দিয়ে বলেন, বিজেপির নাম ভাড়িয়ে কোন ধরনের অনৈতিক কাজে কেউ যুক্ত হলে ভবিষ্যতে দল তাঁদের পাশে দাঁড়াবে না।

ধর্মনগরে আগুনে পুড়ল চিকিৎসকের বাড়ি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। বৃহস্পতিবার রাতে ধর্মনগরে এক চিকিৎসকের বাড়িতে বিধ্বংসী অগ্নিকাণ্ডে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে এবং চিকিৎসক গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়েছেন।

ধর্মনগরে এক চিকিৎসকের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনায় প্রায় পাঁচ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। আহত হয়েছেন চিকিৎসক জে রহমান। ঘটনা বৃহস্পতিবার রাত সোয়া বারোটা নাগাদ ধর্মনগর পুর পরিষদ এলাকার রাজবাড়ী গোল্ডেন ভ্যালী স্কুল সংলগ্ন ডাঃ জে রহমানের বাড়িতে। আগুন লাগার ঘটনার খবর পেয়ে দমকলের একটি ইঞ্জিন ঘটনা স্থলে ছুটে যায়। তারা ওই বাড়িতে প্রবেশ করে। কিন্তু ঘরের ভেতরে ধোঁয়ায় ছয়লাপ ছিল। যার ফলে দমকল কর্মীদের প্রথমে অসুবিধার সম্মুখীন হয়ে হয়। প্রচণ্ড ধোঁয়াকে উপেক্ষা করে দমকল কর্মীরা ভেতরে প্রবেশ করে। তারা ঘরের ভেতর থেকে আহত অবস্থায় জে রহমানকে উদ্ধার করে হাসপাতালে পাঠান। দমকল কর্মী জানিয়েছেন এই অগ্নিকাণ্ডে দুইটি ঘরের ভেতরে থাকা এসি, একটি ব্যাড সহ ঘরের জিনিসপত্র আগুনে ক্ষয়ক্ষতি হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে ধর্মনগর থানার পুলিশ।

মোদি সরকারের নয় বছর পূর্তি উপলক্ষে মাসব্যাপী প্রচার কর্মসূচি বিজেপির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকারের নয় বছর পূর্তি উপলক্ষে মাসব্যাপী প্রচার আন্দোলন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচিকে বাস্তবায়িত করার লক্ষ্যেই কমলা সাগর মন্ডলে শুক্রবার কার্যকারনী বৈঠক অনুষ্ঠিত হয়। কমলা সাগর মন্ডল কার্যকরণী বৈঠক অনুষ্ঠিত হয় পাণ্ডবপুর কমিউনিটি হলঘরে। প্রদীপ প্রদ্বলনের মধ্য দিয়ে ও ভারত মাতার ছবিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে কার্যকরণী বৈঠকের শুভ সূচনা করেন কমলাসাগর মন্ডল সভাপতি সুবীর চৌধুরী। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির মুখপাত্র সুব্রত চক্রবর্তী, কমলাসাগর বিধানসভার বিধায়িকা অন্তরা সরকার দেব , বিশালগড় ব্লক চেয়ারপার্সন ছন্দা দেববর্মা, সিপাহীজলা উত্তরাংশের যুব মোর্চার সভাপতি দীপ্তনু দাস , সম্পাদক বিকাশ সাহা ও মিঠু সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ। প্রদেশ বিজেপির কার্যকরণী বৈঠক শেষ হওয়ার পর রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে একই সঙ্গে কার্যকরী বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। এরই অংশ হিসেবে আজ কমলাসাগর বিধানসভার কার্যকরণী বৈঠক অনুষ্ঠিত হয়। কার্যকরী বৈঠকে মন্ডল কমিটি থেকে শুরু করে সকল মোর্চার সভাপতি ও সম্পাদক সহ প্রত্যেক পঞ্চায়েত প্রধান কার্যকরী বৈঠকে উপস্থিত ছিলেন। কার্যকরণী বৈঠকে বিজেপির আগামী দিনের রূপরেখা তৈরি করেন। তাছাড়া কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প গুলি জনগণের কাছে কিভাবে সহজ ভাবে পৌঁছানো যায় বা সঠিকভাবে পৌঁছেছে কিনা তা আলোচনা হয় মন্ডল কার্যক্রম বৈঠকে। আজকের এই কার্যকরণী বৈঠকে বিজেপির কার্যকর্তাদের উপস্থিতি লক্ষণীয়।

উত্তরপ্রদেশে তিন বছরে ২২টি বিমানবন্দর চালু হবে: সিন্ধিয়া

কানপুর, ২৬ মে (হি.স.) : উত্তরপ্রদেশে বর্তমানে ১১টি বিমানবন্দর চালু আছে, আমরা আগামী তিন বছরে আরও ১১টি বিমানবন্দর চালু হবে। উত্তরপ্রদেশে মোট ২২টি বিমানবন্দর স্থাপন করা হবে। চিত্রকূট, মোরাদাবাদ, ঝাঁসি, গাজিপুর, আলিগড়, আজমগড়, সাহারানপুর বা শ্রাবস্তিতে বিমানবন্দর সুবিধা দেওয়া হবে।শুক্রবার কানপুর বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন উপলক্ষে ভারত সরকারের অসামরিক বিমান পরিবহন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এসব কথা বলেন।তিনি বলেন, আমি কানপুরের জনগণকে আশ্বস্ত করছি যে শীঘ্রই কানপুরকে রাজধানী দিল্লির সাথে সংযুক্ত করার জন্য ☞ ৬ এর পাতায় দেখুন

ত্রিপুরার কুইন আনারস ছাড়াও রাজ্যের ঐতিহ্যবাহী বিভিন্ন ফসল ও খাবারের জি আই ট্যাগ প্রদানের সম্ভাবনা রয়েছে : কৃষিমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ মে।। ত্রিপুরার কুইন আনারস ছাড়াও রাজ্যের ঐতিহ্যবাহী বিভিন্ন ফসল ও খাবারের জি আই ট্যাগ প্রদানের সম্ভাবনা রয়েছে। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ডোনার মন্ত্রকের অধীনস্ত নেরাম্যাক আয়োজিত কুইন আনারসের জিআই ট্যাগিং ব্যবহারের অনুমোদন প্রদানের অনুষ্ঠানে একথা বলেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ।

এদিন কৃষিমন্ত্রী ভৌগলিক নির্দেশক বা জিআই ট্যাগ সম্পর্কে বলেন, প্রাকৃতিক ভাবে উৎপন্ন বা মনুষ্যসৃষ্ট যে পণ্যগুলোর খ্যাতি রয়েছে সেগুলোকেই এই স্বীকৃতি দেওয়া হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের কৃষকদের মানোন্নয়ন ও উপার্জন বৃদ্ধির লক্ষ্যে যেভাবে উদ্যোগ নিয়েছেন, তা অভূতপূর্ব। ত্রিপুরার কুইন আনারস ছাড়াও উত্তর-পূর্বাঞ্চলের ১৩টি পণ্যের জন্য জিআই ট্যাগের অনুমোদন দেওয়া হচ্ছে।

তাঁর দাবি, কৃষির দীর্ঘস্থায়িত্ব, কৃষকদের অধিকার রক্ষা এবং দেশের কৃষিজাত পণ্যের রফতানি বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয় সরকার জিআই ট্যাগের উদ্যোগ নিয়েছে। কেন্দ্রীয় সরকারের এই প্রচেষ্টাকে ত্রিপুরার কৃষকরা বিশেষভাবে স্বাগত জানিয়েছেন। বর্তমান কেন্দ্রীয় সরকার কৃষকদের ফসলের বিমার সুযোগ থেকে শুরু করে কৃষি রেল, কৃষির সরঞ্জাম প্রদান সহ নানা ক্ষেত্রে উল্লেখযোগ্য পদক্ষেপ নিচ্ছে। যার সঙ্গে সামঞ্জস্য রেখে ত্রিপুরা সরকারও কাজ করে চলেছে বলে জানান তিনি।তিনি আশা ব্যক্ত করে বলেন, ত্রিপুরার কুইন আনারস ছাড়াও রাজ্যে নানা রকম ঐতিহ্যবাহী ফসল, খাবারের জি.আই ট্যাগের সম্ভাবনা রয়েছে। এগুলো নিয়েও ভবিষ্যতে কিছু কাজ হয়, তার জন্য রাজ্য সরকার প্রচেষ্টা গ্রহণ করবে।

এদিন অনুষ্ঠানে ত্রিপুরার ৩০০ জন আনারস চাষিকে নেরাম্যাকের প্রক্রিয়াকৃত শংসাপত্রের জিআই ট্যাগিং (জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন) ব্যবহার করার অনুমতি প্রদান করা হয়েছে।

সাজাপ্রাপ্ত বন্দির মৃত্যু বালুরঘাট সংশোধনাগারে

বালুরঘাট, ২৬ মে (হি.স.) : ধর্ষণের ঘটনায় সাজাপ্রাপ্ত বন্দির মৃত্যু হল বালুরঘাট সংশোধনাগারে। মৃত ব্যক্তির নাম অনিল সাহা(৫২)। বাড়ি উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জের শক্তিনগরে। শুক্রবার ভোরে ওই ব্যক্তি অসুস্থ হয়ে পড়লে তাকে বালুরঘাট হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। ওই ব্যক্তির হার্ট অ্যাটাকের কারণে মৃত্যু হয়েছে বলে সংশোধনাগার সূত্রে জানা গিয়েছে।সংশোধনাগার সূত্রে জানা গিয়েছে, অনিল সাহা এক মামলায় দশ বছরের সাজাপ্রাপ্ত হয়ে ২০১৯ সাল থেকে বালুরঘাট সংশোধনাগারে বন্দি ছিলেন। মধ্যরাতে তার বুকে ব্যথা অনুভূত হওয়ায় সংশোধনাগার কর্তৃপক্ষ বালুরঘাট জেলা হাসপাতালে নিয়ে যায়। বালুরঘাট কেন্দ্রীয় সংশোধোনাগারের চিফ কন্টোলার শিবাজী রায় জানান, রাতে বুকে ব্যথা হওয়ায়, তাঁকে বালুরঘাট হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। সেখানে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। ময়নাতদন্তের পর দেহ পরিবারে হাতে তুলে দেওয়া হবে।

অভিষেকের কনভয়ে হামলা

কলকাতা, ২৬ মে (হি.স.) : রাজ্যের মন্ত্রী বিরবাহা হাঁসদার গাড়িতে হামলার অভিযোগ উঠল কুড়মি বিক্ষোভকারীদের বিরুদ্ধে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের 'নবজোয়ার' কর্মসূচিতে যোগ দিয়েছিলেন বিরবাহা। অভিযোগ, শুক্রবার অভিষেকের কনভয় ঝাড়গ্রামের শালবনিতে ঢুকতেই কয়েকটি গাড়িতে হামলা হয়। তার মধ্যে একটি বিরবাহার গাড়ি ছিল। এই ঘটনার পর বিরবাহা বলেন, ''আমিও নিজে আদিবাসী সমাজের মানুষ। কিন্তু এ ভাবে আন্দোলন হয় নাকি! আমরাও আন্দোলন করেছি। কিন্তু এটা অসভ্যতা। এর শেষ দেখে ছাড়ব।'' শুক্রবার ঝাড়গ্রাম শহরে নবজোয়ার কর্মসূচির রোড শো শেষ করে লোধাশুলি হয়ে অভিষেকের কনভয় যখন শালবনি যাচ্ছিল, তখনই ঘটনাটি ঘটে। ৫ নম্বর রাজ্য সড়কের দু'ধারে বিক্ষোভ দেখাচ্ছিলেন কুড়মি আন্দোলনকারীরা। অভিযোগ, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেকের উদ্দেশে 'চোর চোর' বলে স্লোগান দেওয়া হয়। এর পর তৃণমূল নেতার কনভয়ের শেষে থাকা বিরবাহার গাড়ি লক্ষ্য করে ছোড়া হয় ইটও। এতে মন্ত্রীর গাড়ির সামনের কাচ ভেঙে গিয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।